# বার্ষিক প্রতিবেদন

## ২০২৪-২০২৫

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৪-২০২৫

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শ্রম সংক্রান্ত
হেল্পলাইন ১৬৩৫৭
(টোল ফ্রি)



উপদেষ্টা
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (DIFE) ২০২৪-২৫ অর্থবছরের কার্যক্রমভিত্তিক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করছে জেনে আমি আনন্দিত। এই প্রতিবেদনে এ অধিদপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রম, অর্জন ও সাফল্যের সংক্ষিপ্ত বিবরণ সন্নিবেশিত হয়েছে, যা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়সহ অধিদপ্তরের ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়ন ও কৌশল নির্ধারণে কার্যকর দিকনির্দেশনা প্রদান করবে।

অন্তর্বর্তীকালীন সরকার বৈষম্য ও দুর্নীতিমুক্ত একটি সমৃদ্ধ বাংলাদেশ গড়তে নিরলসভাবে যুগোপযোগী নীতি ও কৌশল বাস্তবায়ন করে যাচ্ছে। চতুর্থ শিল্পবিপ্লবের সম্ভাবনাকে সামনে রেখে দেশের তরুণ সমাজ ও কর্মক্ষম জনগোষ্ঠীর দক্ষতা কাজে লাগিয়ে অর্থনৈতিক অগ্রগতির মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়ন এখন সময়ের দাবিতে পরিণত হয়েছে। এ লক্ষ্যপূরণে আধুনিক কর্মসংস্থান সৃষ্টি ও উৎপাদনশীলতা বৃদ্ধির প্রয়াসে প্রয়োজনীয় ও যৌক্তিক নীতি বাস্তবায়ন অন্তর্বর্তীকালীন সরকারের অন্যতম অগ্রাধিকার।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরসহ মন্ত্রণালয়ের অন্যান্য দপ্তর ও সংস্থাসমূহ ২০৩০ সালের মধ্যে 'শোভন ও নিরাপদ কর্মপরিবেশ' নিশ্চিতকরণে অঙ্গিকারবদ্ধ। ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নিয়মিত কার্যক্রম, বিশেষ কার্যক্রম এবং উল্লেখযোগ্য অর্জন বর্ণিত হয়েছে। অধিদপ্তরের গৃহীত কার্যক্রম পরিচালনা এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়নে এই বার্ষিক প্রতিবেদন কর্মকর্তা-কর্মচারী এবং শ্রমিক মালিকসহ সংশ্লিষ্ট সকলের জন্য সহায়ক হবে।

শ্রমিকদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠায় শ্রমিক, মালিক ও সরকার – সকল পক্ষ আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে কাজ করবে বলে আমি আশাবাদী। তথ্যসমৃদ্ধ এই প্রতিবেদন প্রণয়নে জড়িত সকলকে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন



**সচিব**
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

দেশের বিশাল শ্রমখাতে নিরাপদ ও শোভন কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (DIFE) আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। অধিদপ্তরের উদ্যোগে ২০২৪-২০২৫ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ সন্নিবেশিত 'বার্ষিক প্রতিবেদন' প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

বাংলাদেশে শোভন কর্মপরিবেশ গড়ে তুলতে শ্রমিক, মালিক ও আন্তর্জাতিক সংস্থাসহ সংশ্লিষ্ট সকল অংশীজনের সহযোগিতায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী শ্রমিকদের নিয়োগ, মজুরি, কর্মঘণ্টা, শিশুশ্রম নিরসন, প্রসূতিকল্যাণ সুবিধা ও অন্যান্য কল্যাণমূলক অধিকার বাস্তবায়নে অধিদপ্তর নিয়মিত কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে।

নিয়মিত শ্রম পরিদর্শনের পাশাপাশি নারীবান্ধব কর্মপরিবেশ গড়ে তুলতে ২০২৪-২০২৫ অর্থবছরে ডাইফের তত্ত্বাবধানে বিভিন্ন কারখানা ও প্রতিষ্ঠানে ৩৪৭টি শিশু পরিচর্যা কেন্দ্র (Day Care Centre) স্থাপন এবং ৬১৮টি সেইফটি কমিটি গঠন নিশ্চিত করা হয়েছে। একই সঙ্গে দেশের ক্রটিপূর্ণ পোশাক কারখানার সংস্কার কাজও অধিদপ্তরের তত্ত্বাবধানে পরিচালিত হচ্ছে। একই সঙ্গে শ্রম আইন ও বিধিমালা লঙ্ঘন সংক্রান্ত অভিযোগ শ্রমিকদের নিকট থেকে গ্রহণ করে দ্রুত নিষ্পত্তির উদ্যোগ নেয় ডাইফ। চলতি অর্থবছরে মোট ৪,৩৮০টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

২২ অক্টোবর ২০২৫ তারিখে বাংলাদেশ সরকার ILO' র তিনটি গুরুত্বপূর্ণ কনভেনশ- Occupational Safety and Health Convention, 1981 (No. 155); Promotional Framework for Occupational Safety and Health Convention, 2006 (No. 187); এবং Violence and Harassment Convention, 2019 (No. 190) অনুসমর্থন করেছে। এর মধ্য দিয়ে বাংলাদেশ দক্ষিণ এশিয়ার প্রথম দেশ হিসেবে ILO ঘোষিত সবগুলো (১০টি) মৌলিক কনভেনশন অনুসমর্থনের গৌরব অর্জন করেছে।

১৭ নভেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ শ্রম সংশোধন অধ্যাদেশ ২০২৫ এর মাধ্যমে শ্রমিকদের অধিকার আরও সুদৃঢ় করা হয়েছে। সংশোধিত অধ্যাদেশে ট্রেড ইউনিয়ন গঠন সহজীকরণ, গৃহকর্মীসহ নতুন খাতগুলোকে শ্রমিকের আইনি সংজ্ঞায় অন্তর্ভুক্তি, জবরদস্তিমূলক শ্রম নিষিদ্ধকরণ, বড় প্রতিষ্ঠানে প্রভিডেন্ট ফান্ড/পেনশন বাধ্যতামূলককরণ, যৌন হয়রানি ও ব্ল্যাকলিস্টিং নিষিদ্ধকরণ, নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ নিশ্চিতকরণ এবং সামাজিক সংলাপের ধারা সংযোজন – এসব উদ্যোগ শ্রমিক সুরক্ষা ও কল্যাণে এক গুরুত্বপূর্ণ অগ্রগতি।

পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে শ্রমিক, মালিক ও কারখানার কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করার লক্ষ্যে রাজশাহীর তেরখাদিয়ায় প্রতিষ্ঠা করা হয়েছে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)। ইতোমধ্যে এই ইনস্টিটিউটের উদ্যোগে পেশাগত স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক একটি গবেষণা সম্মেলন সফলভাবে অনুষ্ঠিত হয়েছে এবং বর্তমানে এর মাধ্যমে মালিক ও শ্রমিক প্রতিনিধি উভয়কেই পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

শোভন কর্মপরিবেশ সৃষ্টির মাধ্যমে শ্রমিকবান্ধব বাংলাদেশ গড়ে তুলতে কলকারখানা ও প্রতিষ্ঠান প্ররিদর্শন অধিদপ্তর আগামী দিনগুলোতে আরও অধিক দক্ষতার সঙ্গে কার্যক্রম পরিচালনা করবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। একই সঙ্গে তথ্যবহুল এই 'বার্ষিক প্রতিবেদন' প্রণয়নে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই।

ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া



**মহাপরিদর্শক**
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মুখবন্ধ

উৎপাদনশীলতা বৃদ্ধির অন্যতম প্রধান নিয়ামক হলো নিরাপদ ও শোভন কর্মপরিবেশ। পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষাসহ শ্রমিকের আইনগত অধিকার নিশ্চিত করতে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধানাবলী বাস্তবায়নে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ) আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে।

কলকারখানা, দোকান ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের অধিকার সংরক্ষণ এবং নিরাপদ ও শোভন কর্মপরিবেশ নিশ্চিত করতে ডাইফ নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। এর মধ্যে রয়েছে– শ্রম অভিযোগ নিষ্পত্তি, নারী শ্রমিকদের মাতৃত্বকালীন সুবিধা নিশ্চিতকরণ, বাধ্যতামূলক গ্রুপবীমা চালু, শিশুশ্রম নিরসন, সেইফটি কমিটি গঠন, কারখানায় সংঘটিত দুর্ঘটনার ক্ষতিপূরণ প্রদান, আইনানুগ কর্মঘণ্টা ও মজুরি বাস্তবায়ন, অনলাইন লাইসেন্সিং সেবা প্রদান, শ্রম অসন্তোষ নিরসন, পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা তদারকি এবং অন্যান্য কল্যাণমূলক ব্যবস্থা বাস্তবায়ন। এছাড়া শ্রম সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য ডাইফের তত্ত্বাবধানে একটি টোল-ফ্রি হেল্পলাইন (১৬৩৫৭) সেবা চালু রয়েছে।

কারখানা ও প্রতিষ্ঠানে নিয়মিত শ্রম পরিদর্শন, Corrective Action Plan (CAP) প্রেরণ, উপমহাপরিদর্শকের কার্যালয়ভিত্তিক পরিদর্শন প্রতিবেদন প্রস্তুতকরণ, কারখানার লাইসেন্স প্রদান, লে-আউট প্ল্যান অনুমোদন এবং শ্রমসংক্রান্ত অভিযোগ নিষ্পত্তি বিষয়ক কার্যক্রম ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA) চালু রয়েছে। এছাড়া, বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (LIMS)- এর আওতায় শ্রমিকদের ডাটাবেজ তৈরি, লেবার আইডেন্টিফিকেশন নম্বর (LIN) প্রদান এবং ডিজিটাল সার্ভিস বুক তৈরির কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে।

ডাইফ-এর বার্ষিক প্রতিবেদনে ২০২৪-২০২৫ অর্থবছরের কার্যক্রমের বিবরণ সংক্ষিপ্তভাবে সন্নিবেশিত হয়েছে। প্রতিবেদনটি শিল্পকারখানা ও শ্রম সংক্রান্ত বিষয়ে নির্ভুল তথ্য ও উপাত্তের উৎস হিসেবে ব্যবহৃত হবে বলে আমি মনে করি। বার্ষিক প্রতিবেদন প্রকাশের সঙ্গে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

ওমর মোঃ ইমরুল মহসিন

যুগ্মমহাপরিদর্শক
ও আহ্বায়ক
বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

# সম্পাদকীয়

নিরাপদ ও শোভন কর্মপরিবেশ সৃজনের লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ) নিরলসভাবে কাজ করে যাচ্ছে। প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ে ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের বিভিন্ন স্তরের পরিদর্শকরা কলকারখানা, দোকান ও প্রতিষ্ঠানে পরিদর্শনের মাধ্যমে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করছেন। নিয়মিত শ্রম পরিদর্শনের পাশাপাশি শ্রম অভিযোগ নিস্পত্তি, নারী শ্রমিকদের মাতৃত্বকালীন সুবিধা নিশ্চিতকরণ, বাধ্যতামূলক গ্রুপ বীমা চালু, শিশুশ্রম নিরসন, সেইফটি কমিটি গঠন, দুর্ঘটনার ক্ষতিপূরণ নিশ্চিতকরণসহ অন্যান্য কার্যক্রম পরিচালনার মাধ্যমে এই অধিদপ্তর দেশের শ্রমজীবী জনগণের কল্যাণে অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে।

২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট-'সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি' অর্জন করার লক্ষ্যে আন্তরিকভাবে কাজ করছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। অপ্রতুল জনবল এবং সীমিত অবকাঠামো সত্ত্বেও এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে অগ্রাধিকারভিত্তিতে শ্রমিকদের স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো নিধারণ করে কার্যক্রম পরিচালনা করছে এই অধিদপ্তর। একই সাথে অধিদপ্তরের জনবল ও উপমহাপরিদর্শকের কার্যালয় বৃদ্ধি ও উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে নিজস্ব ভবন নির্মাণের মাধ্যমে অধিদপ্তর শক্তিশালীকরণ কার্যক্রম চলমান রয়েছে।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন, ২০২৪-২০২৫ যথাযথ তথ্যবহুল করে প্রকাশে আমরা যথাসাধ্য চেষ্টা করেছি। তথাপি এই প্রকাশনায় ত্রুটি-বিচ্যুতি বিষয়ে পাঠকদের ক্ষমাসুন্দর দৃষ্টি এবং পরবর্তী বার্ষিক প্রতিবেদনের জন্য সুনির্দিষ্ট পরামর্শ কামনা করছি। বার্ষিক প্রতিবেদন প্রকাশে সার্বিক দিক নির্দেশনা ও উৎসাহ প্রদান করায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. জনাব এম সাখাওয়াত হোসেন, সচিব জনাব ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া এবং ডাইফের মহাপরিদর্শক জনাব ওমর মোঃ ইমরুল মহসিন– এর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এছাড়া প্রতিবেদন প্রণয়নের সাথে সম্পৃক্ত সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মোঃ হাসিবুজ্জামান

## সম্পাদনা পরিষদ

**প্রধান পৃষ্ঠপোষক**

**ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন**
মাননীয় উপদেষ্টা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**সার্বিক তত্ত্বাবধান**

**ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া**
সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
**ওমর মোঃ ইমরুল মহসিন**
মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

**আহ্বায়ক**

**মোঃ হাসিবুজ্জামান**
যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

**সদস্য**

ডা. বিশ্বজিত রায়, সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
মোঃ আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
তাম্মিন হক, সহকারী মহাপরিদর্শক (সেইফটি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
জোবায়েদ বিন আনোয়ার, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
জর্জিনা আক্তার স্মৃতি, সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
মোঃ মাহমুদুল হাসান, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

**সদস্য-সচিব**

**মোঃ ফোরকান আহসান**
তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

**প্রকাশক, প্রচ্ছদ পরিকল্পনা ও গ্রন্থস্বত্ব**
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

**প্রকাশকাল**
১০ অক্টোবর, ২০২৫

**ডিজাইন ও প্রিন্ট**

# সূচিপত্র

ভূমিকা ১১
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিচিতি ১২
অধিদপ্তরের কার্যক্রম ১৩
জনবলের তথ্য (হালনাগাদকৃত : জুন, ২০২৫) ১৪
উল্লেখযোগ্য কার্যক্রমের তথ্য ও পরিসংখ্যান ১৬
- শ্রম পরিদর্শন ১৬
- শ্রম অভিযোগ নিষ্পত্তি ১৭
- শ্রম আইন লঙ্ঘনের জন্য আদালতে মামলা দায়ের ও মামলা নিষ্পত্তি ১৮
- কারখানায় সংঘটিত দুর্ঘটনার ক্ষতিপূরণ ১৯
- সেইফটি কমিটি গঠন ২০
- উদ্বুদ্ধকরণ সভা ২১
- গণশুনানি আয়োজন ২২
- লাইসেন্স প্রদান ও লাইসেন্স নবায়ন ২৩
- আউটসোর্সিং ঠিকাদার প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন ২৪

- চাকুরি বিধি অনুমোদন ২৫
- শিশুকক্ষ স্থাপন এবং উদ্বুদ্ধকরণ সভা ২৬
- প্রসূতি কল্যাণ সুবিধা নিশ্চিতকরণ ২৭
- গ্রুপ বীমা চালু ২৮
- শিশুশ্রম নিরসন বিষয়ক কার্যক্রম ২৯
- কারখানার সংস্কার কার্যক্রম ৩৩

প্রকল্প বিষয়ক তথ্য ৩৫

- কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প ৩৫
- বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (এলআইএমএস) চালুকরণ প্রকল্প ৩৬
- Social Protection for Workers in the Textile and Leather Sector (SoSi)- প্রকল্প ৩৭
- বাংলাদেশ ট্যানারি শিল্পে শোভন কর্মপরিবেশ (GOTAN) ৩৮

নিবন্ধিত ও অনিবন্ধিত কারখানা, দোকান ও প্রতিষ্ঠান সংখ্যা ৩৯

নিবন্ধিত ও অনিবন্ধিত কারখানা, দোকান ও প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক সংখ্যা ৪০

প্রশিক্ষণ কার্যক্রম ৪১

বরাদ্দকৃত বাজেট ও ব্যয় ৪২

কর বহির্ভূত রাজস্ব আয় ৪৩

NOSHTRI' র উল্লেখযোগ্য কার্যক্রম ৪৪

আর্ন্তজাতিক শ্রম সংস্থা (আইএলও) এর সহযোগিতায় সম্পাদিত কার্যক্রম ৫৪

ডেনমার্ক সরকারের সহযোগিতায় সম্পাদিত কার্যক্রম ৫৫

ডাইফ হেল্পলাইন (১৬৩৫৭) ৫৬

উল্লেখযোগ্য কার্যক্রমের আলোকচিত্র ৫৭

শিশুশ্রমকে 'না' বলুন

# ভূমিকা

নিরাপদ, শোভন ও উৎপাদনশীল কর্মপরিবেশ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে অঙ্গীকারবদ্ধ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (DIFE)। বাংলাদেশ শ্রম আইন ও বাংলাদেশ শ্রম বিধিমালায় নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করে কলকারখানা, দোকান ও বিভিন্ন প্রতিষ্ঠানে শ্রমিকদের জন্য শোভন কর্মপরিবেশ গড়ে তুলতে নিরবচ্ছিন্নভাবে কাজ করছে সরকারের এই গুরুত্বপূর্ণ অধিদপ্তর।

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী শ্রম অভিযোগ নিষ্পত্তি, নারী শ্রমিকদের মাতৃত্বকল্যাণ সুবিধা নিশ্চিতকরণ, গ্রুপ বীমা চালুকরণ, শিশুশ্রম নিরসন, সেইফটি কমিটি গঠন, কারখানায় সংঘটিত দুর্ঘটনার ক্ষতিপূরণ প্রদান নিশ্চিতকরণ, আইনানুগ কর্মঘণ্টা ও মজুরি বাস্তবায়ন, কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা বিষয়াদি তদারকি এবং কল্যাণমূলক ব্যবস্থাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত এবং বিশেষ কার্যক্রম পরিচালনা করছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন এই অধিদপ্তর।

এছাড়া কর্মক্ষেত্রে শৃঙ্খলা বজায় রাখার জন্য শ্রমিক, মালিক, সরকার এবং বিভিন্ন দেশি ও আন্তর্জাতিক সংস্থার মাঝে সেতুবন্ধনের কাজ করে যাচ্ছে এই অধিদপ্তর। বাংলাদেশের বিপুল সংখ্যক শ্রমজীবী মানুষের জীবনমানে উন্নয়ন এবং দেশের সামগ্রিক অর্থনীতিতে অবদান রাখার জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ সৃজনের মাধ্যমে ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগের অনুকূল পরিবেশ নিশ্চিতকরণের জন্য কার্যক্রম পরিচালনা করছে ডাইফ।

২০২৪-২০২৫ অর্থবছরের এই বার্ষিক প্রতিবেদনে অধিদপ্তরের প্রধান কার্যালয়, মাঠ পর্যায়ের ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয় এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট– এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত নিয়মিত এবং বিশেষ কার্যক্রম, গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন, প্রকল্প সংক্রান্ত তথ্য, শ্রম পরিদর্শন, শ্রম অভিযোগ নিষ্পত্তি, কারখানার লাইসেন্স প্রদান ও লাইসেন্স নবায়ন, অধিদপ্তরের বাজেট বরাদ্দ ও ব্যয়, জনবল, ডিজিটাল সেবা, অন্যান্য সেবাসমূহ এবং সামগ্রিক অগ্রগতি সংক্রান্ত তথ্য ও পরিসংখ্যান সংক্ষিপ্তাকারে বর্ণনা করা হয়েছে।

# কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিচিতি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন 'কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর' বাংলাদেশ সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ একটি অধিদপ্তর। কর্মক্ষেত্রে শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য, নিরাপত্তা, কল্যাণ, চাকুরির শর্তাবলি ইত্যাদি সংক্রান্ত আইনানুগ বিধানাবলির প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করাই মূলত এই অধিদপ্তরের মূল লক্ষ্য। উপমহাদেশে শ্রম পরিদর্শন ব্যবস্থার ইতিহাস প্রায় শতাব্দী প্রাচীন। উনবিংশ শতাব্দীর শেষদিকে ভারতীয় উপমহাদেশে শ্রম বিষয়ক প্রথম আইন, কারখানা আইন ১৮৮১, প্রবর্তনের মাধ্যমে শ্রম প্রশাসন ব্যবস্থার অংশ হিসেবে কর্মক্ষেত্রে সরকারি পরিদর্শন কার্যক্রম স্বীকৃত হয় এবং পরবর্তীতে প্রবর্তিত অন্যান্য শ্রমআইনেও সরেজমিন পরিদর্শনের বিধান রাখা হয়।

শ্রম প্রশাসন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৯২০ সালে মাদ্রাজ ও বঙ্গদেশে দুটি লেবার কমিশনার পদ এবং লেবার কমিশনারের অধীনে অতিরিক্ত লেবার কমিশনার, ডেপুটি লেবার কমিশনার, সহকারী লেবার কমিশনার ও লেবার অফিসার পদ সৃষ্টি করা হয়। ১৯৪৭ সালে ভারত বিভাগের পর তদানীন্তন পূর্ব পাকিস্তানে লেবার কমিশনার পদ ও এর প্রাতিষ্ঠানিক কার্যক্রম চালু থাকে। ১৯৫৮ সালে লেবার কমিশনার পদবী পরিবর্তন করে শ্রম পরিচালক করা হয়। উল্লেখ্য, শ্রম প্রশাসনের অংশ হিসেবে শ্রম পরিদর্শন কর্মকাণ্ড প্রথমে লেবার কমিশনার ও পরবর্তীতে শ্রম পরিচালকের প্রশাসনিক কর্তৃত্বে পরিচালিত হতো। তবে শ্রম পরিদর্শন ব্যবস্থার অধিভুক্ত শ্রম আইনের ব্যাপকতার প্রেক্ষিতে পরিদর্শন কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে এবং সর্বোপরি আই.এল.ও কনভেনশন-৮১ এর প্রতি দায়বদ্ধতার অংশ হিসেবে নূরখান কমিশনের সুপারিশ মোতাবেক ১৯৭০ সালে শ্রম পরিদপ্তর হতে পৃথক করে ২০৪ জনবলের কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর গঠন করা হয় এবং সেসময়ে বিদ্যমান শ্রমআইন সমূহের জন্য প্রধান পরিদর্শক পদকে পরিদপ্তরের প্রধান নির্বাহী হিসেবে আইনগত ক্ষমতা দেয়া হয়।

স্বতন্ত্র পরিদপ্তর হিসেবে অস্তিত্ব লাভের পর সেসময়ে প্রচলিত শ্রম সম্পর্কিত ৪৬টি আইন, অধ্যাদেশ, বিধিমালা ও রেগুলেশন্স শ্রমিকদের কর্মক্ষেত্রে বলবৎ করার দায়িত্ব পরিদর্শন পরিদপ্তরের উপর ন্যস্ত হয়। ঢাকায় সদর দপ্তরসহ পুরাতন চারটি বিভাগে চারটি বিভাগীয় কার্যালয় ও ২২টি শাখা কার্যালয়ের মাধ্যমে পরিদপ্তরের কর্মকাণ্ড পরিচালিত হতো। প্রতিষ্ঠানের কার্যক্রমের ভিত্তিতে পরিদর্শন কাঠামোকে দুটি শাখা, যথা: কারখানা ও প্রতিষ্ঠান শাখা এবং দোকান ও প্রতিষ্ঠান শাখায় বিভক্ত করে পরিদপ্তরের পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। আবার শ্রম আইনের বিধানাবলীর প্রকৃতিগত ভিন্নতার আলোকে কারখানা ও প্রতিষ্ঠান শাখার পরিদর্শন কার্যক্রম তিনটি ভাগে, যথা: (১) প্রকৌশল (২) মেডিকেল ও (৩) সাধারণ নামে বিভক্ত ছিল।

পরবর্তীতে ১৯৯২-৯৩ আর্থিক বছরে 'কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্প' গৃহীত হয়। উক্ত প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের ২২ জন কর্মকর্তা-কর্মচারীকে এ পরিদপ্তরের আওতায় রাজস্ব খাতে স্থানান্তরিত করা হয়। এর ফলে পরিদপ্তরের জনবল ২০৪ হতে ২২৬ জনে উন্নীত হয়। এ পরিদপ্তরের জনবল বৃদ্ধির জন্য সংস্থাপন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে ২০০৭ সালের ১৬ জুলাই তারিখে আরও ৫৯টি পদ বছর বছর সংরক্ষণ ভিত্তিতে সৃজিত হয়। ফলে জনবলের সংখ্যা ২৮৫ জনে উন্নীত হয়। অতপর ৩১-০১-২০১২ তারিখে পুনরায় একই পদ্ধতিতে আরও ২৯ পদ সৃজন করায় মোট পদের সংখ্যা হয় ৩১৪ জন।

অতঃপর বাংলাদেশের পোশাক খাতে সৃষ্ট কয়েকটি দুর্ঘটনা এবং আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনের চাহিদার পরিপ্রেক্ষিতে শ্রমজীবী মানুষের কর্মস্থলের সেইফটি, স্বাস্থ্য, কল্যাণসহ আইনগত অধিকার নিশ্চিত করতে ২০১৪ সালের ১৫ জানুয়ারি পরিদপ্তরকে 'কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর'-এ উন্নীত করা হয়। বর্তমানে ঢাকায় প্রধান কার্যালয় ও মাঠপর্যায়ে ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয় এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট- এর মাধ্যমে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে। অধিদপ্তরের অনুমোদিত পদ সংখ্যা ১১২৯, যার মধ্যে পরিদর্শকের পদ ৭২৪। অধিদপ্তরের প্রধান নির্বাহীর পদবি 'মহাপরিদর্শক', যিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তা।

# অধিদপ্তরের কার্যক্রম

- কলকারখানা, দোকান, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠান, চা-বাগান, বন্দর, ডক, রেলওয়ে, অভ্যন্তরীণ জলপরিবহন, সড়ক পরিবহন প্রভৃতি পরিদর্শন।
- কলকারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান এবং লাইসেন্স নবায়ন।
- কারখানা নির্মাণ/প্রতিষ্ঠা, পরিবর্তন ও পরিবর্ধনের অনুমোদন ও লে-আউট নকশা অনুমোদন।
- কারখানায় সেইফটি কমিটি গঠন।
- আইন অমান্যকারী কর্তৃপক্ষের বিরুদ্ধে শ্রম আদালতে অভিযোগ দায়ের।
- নারী ও শিশুবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে কারখানা ও প্রতিষ্ঠানে শিশুকক্ষ স্থাপন।
- নারী শ্রমিকদের মাতৃত্বকল্যাণ সুবিধা নিশ্চিতকরণ।
- শ্রম বিষয়ক অভিযোগ নিষ্পত্তি।
- গণশুনানি আয়োজন।
- গ্রুপ বীমা চালুকরণ।
- কারখানা ও প্রতিষ্ঠানের চাকুরি বিধি অনুমোদন।
- বাংলাদেশ শ্রম আইন ও বাংলাদেশ শ্রম বিধিমালা সম্পর্কিত জিজ্ঞাসার জবাব প্রদান।
- শ্রমিক অধিকার এবং কর্মপরিবেশ সংক্রান্ত অভিযোগের সুষ্ঠু তদন্ত করা।
- আবেদনের পরিপ্রেক্ষিতে শ্রম আইনে প্রদত্ত ক্ষমতাবলে কারখানা কর্তৃপক্ষকে শ্রম আইনের কতিপয় ধারা বা বিধি থেকে অব্যাহতি প্রদান।
- শ্রম আইন, স্বাস্থ্য এবং নিরাপত্তার ব্যাপারে শ্রমিক এবং মালিকপক্ষের মধ্যে সচেতনতা সৃষ্টি।
- শ্রম আইনের যথাযথ বাস্তবায়নের জন্য বিভিন্ন সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা, আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), উন্নয়ন সহযোগী সংস্থা, শ্রমিক সংগঠন, মালিক সংগঠন এবং দরকষাকষি প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক স্থাপন ও যোগাযোগ রক্ষা করা।
- শ্রম পরিদর্শন, শ্রমিকের স্বাস্থ্য ও সেইফটি বিষয়ক প্রতিবেদন প্রকাশ।
- শ্রম পরিদর্শন সংশ্লিষ্ট তথ্য, উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ করা।
- শ্রম সম্পর্কিত আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও সংশোধনের জন্য সরকার ও বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানকে সহযোগিতা করা।
- শ্রম পরিদর্শন, মজুরি, উৎপাদনশীলতা, পেশাগত স্বাস্থ্য ও সেইফটি ইত্যাদি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠিত সভা, সেমিনার, সিম্পোজিয়াম প্রভৃতিতে প্রতিনিধিত্ব করা।
- ত্রুটিপূর্ণ কারখানার সংস্কার কাজের তদারকি করা।
- আইএলও কনভেনশন ও রিকমেন্ডেশন সম্পর্কিত আইএলও'র প্রশ্নমালার জবাব তৈরি।
- শ্রম পরিদর্শন, মজুরি প্রশাসন, কাজের অবস্থা, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে আন্তর্জাতিক সংস্থাসমূহের প্রতিবেদন তৈরি সংক্রান্ত কাজে সহায়তা।
- শিশুশ্রম নিরসনের লক্ষ্যে কার্যক্রম পরিচালনা।
- জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস এবং বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস পালন।
- কারখানায় সংঘটিত দুর্ঘটনার কারণ নিরূপণ, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের সুপারিশ ও দায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- কারখানা, শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা সংক্রান্ত উত্তম চর্চার স্বীকৃতি হিসেবে "গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড" প্রদান।

## জনবলের তথ্য (হালনাগাদকৃত: জুন, ২০২৫)

| ক্র. নং | পদ | গ্রেড | অনুমোদিত পদ | কর্মরত | মোট শূন্যপদ | শূন্য পদে নিয়োগ প্রক্রিয়া ও সংরক্ষণ | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পদোন্নতির মাধ্যমে | সরাসরি | ১০% সংরক্ষণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | মহাপরিদর্শক | ২য় | ১ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ২ | অতিরিক্ত মহাপরিদর্শক | ৩য় | ১ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ৩ | যুগ্মমহাপরিদর্শক | ৫ম | ৬ | ৬ | ০ | ০ | ০ | ০ |
| ৪ | উপমহাপরিদর্শক | ৬ষ্ঠ | ৪৪ | ৪৪ | ০ | ০ | ০ | ০ |
| ৫ | প্রোগ্রামার | ৬ষ্ঠ | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ৬ | সহকারী মহাপরিদর্শক (সাধারণ) | ৯ম | ১১২ | ১৮ | ৯২ | ৬৫ | ২৭ | ২ |
| ৭ | সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) | ৯ম | ৪২ | ১৮ | ২৪ | ১৭ | ৭ | ০ |
| ৮ | সহকারী মহাপরিদর্শক (সেফটি) | ৯ম | ৫১ | ৯ | ৪০ | ২০ | ২০ | ২ |
| ৯ | পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা | ৯ম | ১ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ১০ | তথ্য ও গণসংযোগ কর্মকর্তা | ৯ম | ১ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ১১ | গ্রন্থাগারিক | ৯ম | ১ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ১২ | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৯ম | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ১৩ | সহকারী প্রোগ্রামার | ৯ম | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ১৪ | আইন কর্মকর্তা | ৯ম | ১ | ২ | ০ | ০ | ০ | ০ |
| ১৫ | সহকারী মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার | ৯ম | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ১৬ | প্রশাসনিক কর্মকর্তা | ১০ম | ১ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ১৭ | শ্রম পরিদর্শক (সাধারণ) | ১০ম | ৩০১ | ২৩৯ | ৫৬ | ৩ | ৫৩ | ৬ |
| ১৮ | শ্রম পরিদর্শক (সেফটি) | ১০ম | ৮৮ | ৩৭ | ৪৬ | ০ | ৪৬ | ৫ |
| ১৯ | শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) | ১০ম | ৭৮ | ৬০ | ১৭ | ০ | ১৭ | ১ |
| ২০ | পরিসংখ্যান সহকারী | ১৩তম | ১ | ২ | ৪ | ৩ | ১ | ০ |
| ২১ | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ১৩তম | ৬ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ২২ | কম্পিউটার অপারেটর | ১৩তম | ১ | ১ | ৪ | ০ | ৪ | ০ |
| ২৩ | প্রধান সহকারী | ১৩তম | ৫ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ২৪ | হিসাব রক্ষক | ১৩তম | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ২৫ | উচ্চমান সহকারী | ১৪তম | ২২ | ১৮ | ৪ | ৪ | ০ | ০ |
| ২৬ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ১৪তম | ৭ | ২ | ৫ | ০ | ৫ | ০ |
| ২৭ | স্টোর কিপার | ১৬তম | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ২৮ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১৬তম | ১৫২ | ৮৩ | ৬৮ | ৬০ | ৮ | ১ |
| ২৯ | হিসাব সহকারী | ১৬তম | ২ | ১ | ১ | ০ | ১ | ০ |
| ৩০ | ডাটা এন্ট্রি অপারেটর | ১৬তম | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ৩১ | টেলিফোন অপারেটর | ১৬তম | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| ৩২ | মাল্টিমিডিয়া প্রজেক্টর টেকনিশিয়ান | ১৬তম | ১ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ৩৩ | গাড়ি চালক | ১৬তম | ৩৬ | ২৫ | ১০ | ০ | ১০ | ১ |
| ৩৪ | অফিস সহায়ক | ২০তম | ১৪৭ | ১১৫ | ২৯ | ০ | ২৯ | ৩ |
| ৩৫ | নিরাপত্তা প্রহরী | ২০তম | ৫ | ৪ | ১ | ০ | ১ | ০ |
| ৩৬ | মালী | ২০তম | ১ | ১ | ০ | ০ | ০ | ০ |
| ৩৭ | পরিচ্ছন্নতাকর্মী | ২০তম | ৫ | ৪ | ১ | ০ | ১ | ০ |
| মোট | | | ১১২৯ | ৬৯৭ | ৪১১ | ১৭২ | ২৩৯ | ২১ |

উৎস: মানবসম্পদ উন্নয়ন শাখা

## আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয়

| ক্র. নং | সেবার নাম | সেবার সংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | সুপারভাইজার | ৪ |
| ২ | আনসার সেবা | ১০ |
| ৩ | কেয়ারটেকার | ১ |
| ৪ | ইলেকট্রিশিয়ান | ১ |
| ৫ | স্যানিটারি মিস্ত্রি (প্লাম্বার মিস্ত্রি) | ১ |
| ৬ | জেনারেটর অপারেটর, | ১ |
| ৭ | পাম্প অপারেটর | ১ |
| ৮ | বাবুর্চি (কুক) | ১ |
| ৯ | গার্ডেনার (বাগানকর্মী) | ১ |
| ১০ | নিরাপত্তা প্রহরী | ২৮ |
| ১১ | ক্লিনার (পরিচ্ছন্নতাকর্মী) | ৪৬ |
| ১২ | সহকারী বাবুর্চি | ২ |
| ১৩ | লিফটম্যান | ৪ |
| ১৪ | ল্যাব এটেনডেন্ট | ৭ |
| ১৫ | হোস্টেল এটেনডেন্ট | ৮ |
| মোট | | ১১৬ |

উৎস: মানবসম্পদ উন্নয়ন শাখা

**কর্মপরিবেশের উন্নয়ন, বৃদ্ধি করবে উৎপাদন**

# উল্লেখযোগ্য কার্যক্রমের তথ্য ও পরিসংখ্যান

## শ্রম পরিদর্শন

বাংলাদেশে শোভন, নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ নিশ্চিত করার মাধ্যমে ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি করা কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মূল লক্ষ্য। এ লক্ষ্যে অধিদপ্তরের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে শ্রম পরিদর্শন। কারখানা, দোকান ও প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ বাস্তবায়নের প্রচেষ্টা চালায় এই অধিদপ্তর। কর্মক্ষেত্রে শ্রমের দেশীয় ও আন্তর্জাতিক মানদণ্ড বাস্তবায়ন, শ্রমিকের অধিকার প্রতিষ্ঠা, শ্রমিক ও মালিকের মাঝে সুসম্পর্ক স্থাপন এবং শ্রমিক ও তার পরিবারের জীবনমান উন্নয়নের মূল্যবোধকে সামনে রেখে নিম্নোক্ত পদ্ধতিতে পরিদর্শন করা হয়:

(ক) নিয়মিত পরিদর্শন
(খ) তাৎক্ষণিক পরিদর্শন
(গ) দুর্ঘটনা কবলিত স্থান পরিদর্শন
(ঘ) অভিযোগের ভিত্তিতে পরিদর্শন

প্রয়োজনীয় পরিস্থিতি ও সেক্টর বিবেচনা করে ঘোষিত (announced) এবং অঘোষিত (unannounced)-এই দুইভাবে নিয়মিত পরিদর্শন করা হয়। নিয়মিত পরিদর্শন ঘোষিত (announced) হলে এ পরিদর্শনের বিষয়ে কারখানা ও প্রতিষ্ঠানের মালিকদের এক সপ্তাহ পূর্বে ফোনকল অথবা চিঠির মাধ্যমে অবহিত করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে পরিদর্শকগণ কারখানা, দোকান ও প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন মোট ৪৪৮৫৩টি এবং কারখানা, দোকান ও প্রতিষ্ঠানে বিশেষ পরিদর্শন ৩৬৬৩২টি সম্পন্ন করেছেন।

টেবিল: পরিদর্শন সংক্রান্ত পরিসংখ্যান (২০২৪-২০২৫ অর্থবছর)

| ক্র. নং | মাসের নাম | শ্রম পরিদর্শন | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নিয়মিত পরিদর্শন | | | বিশেষ পরিদর্শন | মোট |
| | | নিশ্চিতকৃত পরিদর্শন | বাতিলকৃত পরিদর্শন (প্রতিষ্ঠান বন্ধের কারণে বাতিল) | মোট | | |
| ১ | জুলাই, ২০২৪ | ৩৬৭৩ | ১২৫ | ৩৭৯৮ | ৪০৮৩ | ৭৮৮১ |
| ২ | আগস্ট, ২০২৪ | ৩৭৪২ | ১২০ | ৩৮৬২ | ২৯২৬ | ৬৭৮৮ |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৪ | ৪৩৬৪ | ১১১ | ৪৪৭৫ | ৩১৮৯ | ৭৬৬৪ |
| ৪ | অক্টোবর ২০২৪ | ৪১২৭ | ৯৩ | ৪২২০ | ৩১৪০ | ৭৩৬০ |
| ৫ | নভেম্বর, ২০২৪ | ৪২৬৫ | ১০৩ | ৪৩৬৮ | ২৮৯৯ | ৭২৬৭ |
| ৬ | ডিসেম্বর, ২০২৪ | ৪২৩৮ | ৯৫ | ৪৩৩৩ | ২৫৭০ | ৬৯০৩ |
| ৭ | জানুয়ারি, ২০২৫ | ৩৩৭১ | ৯৮ | ৩৪৬৯ | ৩৩৯৫ | ৬৮৬৪ |
| ৮ | ফেব্রুয়ারি, ২০২৫ | ২৪৭৩ | ৬০ | ২৫৩৩ | ৩১৩৩ | ৫৬৬৬ |
| ৯ | মার্চ, ২০২৫ | ৩৬৫৩ | ১০৩ | ৩৭৫৬ | ২৩৫৩ | ৬১০৯ |
| ১০ | এপ্রিল ২০২৫ | ৩৪৯৮ | ৮১ | ৩৫৭৯ | ১৯৪৯ | ৫৫২৮ |
| ১১ | মে, ২০২৫ | ৩৩১৩ | ৮১ | ৩৩৯৪ | ৩৬১১ | ৭০০৫ |
| ১২ | জুন, ২০২৫ | ৩০১১ | ৫৫ | ৩০৬৬ | ৩৩৮৪ | ৬৪৫০ |
| মোট | | ৪৩৭২৮ | ১১২৫ | ৪৪৮৫৩ | ৩৬৬৩২ | ৮১৪৮৫ |

উৎস: মনিটরিং ও মূল্যায়ন শাখা

## শ্রম অভিযোগ নিষ্পত্তি

কর্মক্ষেত্রে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫- এর লঙ্ঘন বিষয়ে শ্রমিকদের নিকট থেকে অভিযোগ গ্রহণ করার সঙ্গে সঙ্গে দ্রুততম সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ৬৫৬৯টি অভিযোগ গ্রহণ করা হয়েছে এবং ৬৭% অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

টেবিল: শ্রমিকদের নিকট হতে প্রাপ্ত অভিযোগ সংক্রান্ত প্রতিবেদন (হেল্প লাইনভিত্তিক + অভিযোগভিত্তিক) (২০২৪-২০২৫ অর্থবছর)

| ক্র. নং | উপমহাপরিদর্শকের কার্যালয়ের নাম | দাখিলকৃত অভিযোগ | ০১-০৭-২০২৪ তারিখের পূর্বে মোট অনিষ্পন্ন অভিযোগের জের | মোট অভিযোগ | নিষ্পন্ন অভিযোগ | নিষ্পন্ন অভিযোগ (%) | প্রক্রিয়াধীন অভিযোগ | | | অনিষ্পন্ন অভিযোগ | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | - | ০১-০৭-২০২৪ তারিখের পূর্বে প্রক্রিয়াধীন অভিযোগের জের | মোট | - | ০১-০৭-২০২৪ তারিখের পূর্বে অনিষ্পন্ন অভিযোগের জের | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫=৩+৪ | ৬ | ৭=(৬/৫)*১০০ | ৮ | ৯ | ১০=৮+৯ | ১১ | ১২ | ১৩=১১+১২ |
| ১ | কিশোরগঞ্জ | ১ | ৩ | ৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ৩ | ৪ |
| ২ | কুমিল্লা | ২৩ | ২ | ২৫ | ২৩ | ৯২ | ০ | ০ | ০ | ০ | ২ | ২ |
| ৩ | কুষ্টিয়া | ১৮ | ৩ | ২১ | ১৮ | ৮৬ | ০ | ১ | ১ | ০ | ২ | ২ |
| ৪ | খুলনা | ২৫ | ৩ | ২৮ | ২৫ | ৮৯ | ০ | ২ | ২ | ০ | ১ | ১ |
| ৫ | জামালপুর | ৩ | ৩ | ৬ | ১ | ১৭ | ১ | ১ | ২ | ১ | ২ | ৩ |
| ৬ | টাঙ্গাইল | ৪১ | ৪ | ৪৫ | ৪১ | ৯১ | ০ | ২ | ২ | ০ | ২ | ২ |
| ৭ | দিনাজপুর | ৩৬ | ৪ | ৪০ | ৩৬ | ৯০ | ০ | ০ | ০ | ০ | ৪ | ৪ |
| ৮ | নওগাঁ | ১২ | ০ | ১২ | ১২ | ১০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৯ | পাবনা | ২২ | ৩ | ২৫ | ২২ | ৮৮ | ০ | ৩ | ৩ | ০ | ০ | ০ |
| ১০ | ফেনী | ৮৯ | ২ | ৯১ | ৮৩ | ৯১ | ০ | ১ | ১ | ০ | ১ | ১ |
| ১১ | বগুড়া | ১৬ | ০ | ১৬ | ১৬ | ১০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ১২ | বরিশাল | ২৯ | ৬ | ৩৫ | ২৮ | ৮০ | ১ | ৫ | ৬ | ০ | ১ | ১ |
| ১৩ | ব্রাহ্মণবাড়িয়া | ৬ | ৩ | ৯ | ৬ | ৬৭ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৩ |
| ১৪ | ময়মনসিংহ | ২২১ | ৩২ | ২৫৩ | ২০৫ | ৮১ | ০ | ১১ | ১১ | ০ | ২১ | ২১ |
| ১৫ | মানিকগঞ্জ | ৩৪ | ৩ | ৩৭ | ৩৪ | ৯২ | ০ | ১ | ১ | ০ | ২ | ২ |
| ১৬ | মৌলভীবাজার | ৩৩ | ১৭ | ৫০ | ৩৩ | ৬৬ | ০ | ১১ | ১১ | ০ | ৬ | ৬ |
| ১৭ | যশোর | ২১ | ৭ | ২৮ | ২১ | ৭৫ | ০ | ১ | ১ | ০ | ৬ | ৬ |
| ১৮ | রংপুর | ৩৮ | ৪ | ৪২ | ৩৮ | ৯০ | ০ | ৪ | ৪ | ০ | ০ | ০ |
| ১৯ | রাজশাহী | ১৩ | ৩ | ১৬ | ১৩ | ৮১ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৩ |
| ২০ | সিরাজগঞ্জ | ৫ | ০ | ৫ | ৫ | ১০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২১ | কক্সবাজার | ২৩ | ১০ | ৩৩ | ২৩ | ৭০ | ০ | ০ | ০ | ০ | ১০ | ১০ |
| ২২ | গাজীপুর | ১৯০২ | ৫১৮ | ২৪২০ | ১৩৫৫ | ৫৬ | ১২৭ | ২১২ | ৩৩৯ | ১৫০ | ৩০৭ | ৪৫৭ |
| ২৩ | গোপালগঞ্জ | ৬ | ০ | ৬ | ৬ | ১০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ২৪ | চট্টগ্রাম | ২৮৩ | ৬০ | ৩৪৩ | ২৬৫ | ৭৭ | ২২ | ৫২ | ৭৪ | ১ | ৮ | ৯ |
| ২৫ | ঢাকা | ১৮৮৮ | ৫০৪ | ২৩৯২ | ১৫৭৭ | ৬৬ | ৮১ | ১২৮ | ২০৯ | ১৯৪ | ৩৭৫ | ৫৬৯ |
| ২৬ | নরসিংদী | ১১৯ | ৪৮ | ১৬৭ | ১১৬ | ৬৯ | ০ | ০ | ০ | ৩ | ৪৮ | ৫১ |
| ২৭ | নারায়ণগঞ্জ | ৩২৬ | ৩৬ | ৩৬২ | ৩২৫ | ৯০ | ১ | ২০ | ২১ | ০ | ১৬ | ১৬ |
| ২৮ | ফরিদপুর | ১৭ | ২ | ১৯ | ১৭ | ৮৯ | ০ | ০ | ০ | ০ | ২ | ২ |
| ২৯ | মুন্সীগঞ্জ | ১১ | ১ | ১২ | ১১ | ৯২ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |
| ৩০ | রাঙ্গামাটি | ৩ | ০ | ৩ | ৩ | ১০০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| ৩১ | সিলেট | ২২ | ২ | ২৪ | ২২ | ৯২ | ০ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | মোট | ৫২৮৬ | ১২৮৩ | ৬৫৬৯ | ৪৩৮০ | ৬৭ | ২৩৩ | ৪৫৫ | ৬৮৮ | ৩৫০ | ৮২৮ | ১১৭৮ |

উৎস: মনিটরিং ও মূল্যায়ন শাখা

## শ্রম আইন লঙ্ঘনের জন্য আদালতে মামলা দায়ের ও মামলা নিষ্পত্তি

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী কারখানা, দোকান ও প্রতিষ্ঠানে নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। আইন বাস্তবায়ন করতে গিয়ে প্রথমে কারখানা বা প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শনপূর্বক শ্রম আইন ও বিধির লঙ্ঘনসমূহ চিহ্নিত করা হয় এবং আইন প্রতিপালনের জন্য কারখানা ও প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বরাবর সময় উল্লেখপূর্বক নোটিশ প্রদান করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে সংশোধন না করলে পরবর্তীতে তাগিদপত্র প্রদান করা হয়। এছাড়া সময়ে সময়ে কারখানার মালিক বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সচেতনতামূলক পরামর্শ প্রদান করা হয়। তারপরও নির্দেশনা পালন না করা হলে শ্রম আইনের বিধান লঙ্ঘনের দায়ে সংশ্লিষ্ট কারখানা ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে শ্রম আদালতে মামলা রুজু করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে মামলা দায়ের করা হয়েছে মোট ৭৯৬টি। এর মধ্য থেকে ৪১৪টি মামলা নিষ্পত্তি হয়েছে।

টেবিল: মামলা প্রদান ও মামলা নিষ্পত্তি সংক্রান্ত তথ্য (২০২৪-২৫ অর্থবছর)

| ক্র. নং | মাসের নাম | মামলা প্রদানের সংখ্যা | | | | | | মামলা নিষ্পত্তির সংখ্যা | | | | | | মামলা নিষ্পত্তি বাবদ জরিমানা আদায় |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কারখানা, দোকান ও প্রতিষ্ঠানের মামলা প্রদান সংক্রান্ত তথ্য | | | | | | কারখানা, ও দোকান ও প্রতিষ্ঠানের মামলা নিষ্পত্তি সংক্রান্ত তথ্য | | | | | | |
| | | আরএমজি | নন-আরএমজি | দোকান | প্রতিষ্ঠান | শিশু শ্রমের মামলা | মোট মামলা (১+২+৩+৪+৫) | আরএমজি | নন-আরএমজি | দোকান | প্রতিষ্ঠান | শিশু শ্রমের মামলা | মোট নিষ্পন্ন মামলার সংখ্যা (৭+৮+৯+১০+১১) | |
| | | ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | জুলাই, ২০২৪ | ১৭ | ৩১ | ১৫ | ৭ | ১ | ৭১ | ০ | ৯ | ১৯ | ৮ | ১ | ৩৭ | ২,২৬,০০০ |
| ২ | আগস্ট, ২০২৪ | ৩ | ৮ | ১ | ১ | ০ | ১৩ | ০ | ৯ | ৮ | ৫ | ২ | ২৪ | ১,৩৫,৫০০ |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৪ | ২ | ৯ | ২৯ | ৩ | ০ | ৪৩ | ৩ | ১১ | ৫ | ৭ | ১ | ২৭ | ১,১২,০০০ |
| ৪ | অক্টোবর, ২০২৪ | ২ | ১১ | ৪ | ১১ | ০ | ২৮ | ০ | ৬ | ১৫ | ৭ | ১ | ২৯ | ২,৩৯,০০০ |
| ৫ | নভেম্বর, ২০২৪ | ৭ | ২৯ | ২১ | ৩৩ | ১ | ৯১ | ০ | ৩ | ৫ | ৪ | ০ | ১২ | ১,২৩,০০০ |
| ৬ | ডিসেম্বর, ২০২৪ | ৫ | ৩৬ | ৬৪ | ১৯ | ৩ | ১২৭ | ৩ | ৬ | ১৬ | ৩ | ০ | ২৮ | ২,০৪,০০০ |
| ৭ | জানুয়ারি, ২০২৫ | ২ | ৪৫ | ৪৩ | ১০ | ০ | ১০০ | ৩ | ১৩ | ৪১ | ২০ | ২ | ৭৯ | ৪,৬০,০০০ |
| ৮ | ফেব্রুয়ারি, ২০২৫ | ৫ | ৪০ | ১৭ | ২০ | ০ | ৮২ | ০ | ১৪ | ৩৯ | ৫ | ৩ | ৬১ | ৪,৪৩,০০০ |
| ৯ | মার্চ, ২০২৫ | ১ | ৪ | ১০ | ০ | ০ | ১৫ | ০ | ৬ | ১৯ | ৫ | ০ | ৩০ | ৬,২১,০০০ |
| ১০ | এপ্রিল, ২০২৫ | ৩ | ১৬ | ২১ | ২ | ০ | ৪২ | ০ | ৮ | ১ | ৩ | ০ | ১২ | ১,১৪,০০০ |
| ১১ | মে, ২০২৫ | ১১ | ১৬ | ৫৭ | ২৪ | ০ | ১০৮ | ২ | ১৭ | ২৯ | ০ | ০ | ৪৮ | ৬,২১,০০০ |
| ১২ | জুন, ২০২৫ | ৪ | ১৫ | ৩২ | ২২ | ৩ | ৭৬ | ০ | ৭ | ১৫ | ৪ | ১ | ২৭ | ১,৫২,০০০ |
| | মোট | ৬২ | ২৬০ | ৩১৪ | ১৫২ | ৮ | ৭৯৬ | ১১ | ১০৯ | ২১২ | ৭১ | ১১ | ৪১৪ | ৩৪,৫০,৫০০ |

উৎস: আইন উপশাখা

## কারখানায় সংঘটিত দুর্ঘটনার ক্ষতিপূরণ

দেশব্যাপী কর্মক্ষেত্রে বিভিন্ন সময়ে সংঘটিত দুর্ঘটনার ক্ষেত্রে পরিদর্শকগণ ঘটনাস্থল সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনের মাধ্যমে দুর্ঘটনার সম্ভাব্য কারণ অনুসন্ধান, প্রতিবেদন তৈরি এবং দুর্ঘটনা প্রতিরোধে কারখানা মালিক ও শ্রমিক পক্ষকে যথাযথ পরামর্শ প্রদান করা হয়। এছাড়া বিশেষ কোন দুর্ঘটনার ক্ষেত্রে তদন্ত কমিটি গঠনপূর্বক তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ এবং ক্ষতিগ্রস্তদের আইনানুগ ক্ষতিপূরণ প্রদানের পদক্ষেপ গ্রহণ করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে কর্মক্ষেত্রে দুর্ঘটনায় হতাহত শ্রমিকের পরিবারকে ক্ষতিপূরণ বাবদ মোট ১,১৯,৩৬,৫০০ (এক কোটি উনিশ লক্ষ ছত্রিশ হাজার পাঁচশত) টাকা মালিকপক্ষ কর্তৃক প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

টেবিল: দুর্ঘটনা এবং ক্ষতিপূরণ সংক্রান্ত তথ্য

| মাস | দুর্ঘটনার সংখ্যা | আহত/গুরুতর আহত | নিহত | ক্ষতিপূরণের পরিমাণ, টাকা |
|---|---|---|---|---|
| জুলাই, ২০২৪ | ১ | ০ | ১ | ০ |
| আগস্ট, ২০২৪ | ২ | ২ | ০ | ০ |
| সেপ্টেম্বর, ২০২৪ | ৬ | ৮ | ১৫ | ৫৮,১২,৫০০ |
| অক্টোবর, ২০২৪ | ৩ | ০ | ৩ | ৭,২০,০০০ |
| নভেম্বর, ২০২৪ | ৪ | ২ | ২ | ৪০,০০০ |
| ডিসেম্বর, ২০২৪ | ২ | ৩ | ৯ | ১৭,৯৪,০০০ |
| জানুয়ারি, ২০২৫ | ৪ | ১ | ৮ | ১০,৭০,০০০ |
| ফেব্রুয়ারি, ২০২৫ | ৩ | ০ | ৪ | ৫,০০,০০০ |
| মার্চ, ২০২৫ | ২ | ২ | ১ | ২,০০,০০০ |
| এপ্রিল, ২০২৫ | ৪ | ২ | ৪ | ১৬,০০,০০০ |
| মে, ২০২৫ | ১ | ০ | ১ | ২,০০,০০০ |
| জুন, ২০২৫ | ০ | ০ | ০ | ০ |
| মোট | ৩২ | ২০ | ৪৮ | ১,১৯,৩৬,৫০০ |

উৎস: সেইফটি শাখা

**পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষার সংস্কৃতি**
**সবাই মিলে গড়ে তুলি**

## সেইফটি কমিটি গঠন

২০১৩ খ্রিষ্টাব্দে সংশোধিত বাংলাদেশ শ্রম আইন এবং ২০১৫ খ্রিষ্টাব্দে প্রণীত শ্রম বিধিমালায় সেইফটি কমিটি সংক্রান্ত বিধান প্রবর্তিত হওয়ার পর কারখানায় সেইফটি কমিটি গঠনের ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা হয়। এরপর থেকে কারখানায় নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে সেইফটি কমিটি গঠন কার্যক্রম চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে গঠিত সেইফটি কমিটির সংখ্যা ৬১৮টি। সেইফটি কমিটি গঠন কার্যক্রমের শুরু থেকে জুন, ২০২৫ পর্যন্ত আরএমজি কারখানাগুলোতে ৪৫৪২টি এবং নন-আরএমজি কারখানাগুলোতে ৩৭১৪টি; মোট ৮২৫৬টি কারখানায় সেইফটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়া অবশিষ্ট কারখানাসমূহে সেইফটি কমিটি গঠনের কার্যক্রম চলমান রয়েছে।

টেবিল: কারখানায় সেইফটি কমিটি গঠন সংক্রান্ত তথ্য

| ক্রমিক নং | মাস | সেইফটি কমিটির সংখ্যা |
|---|---|---|
| ১ | জুলাই, ২০২৪ | ৪৩ |
| ২ | আগস্ট, ২০২৪ | ৬২ |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৪ | ৮১ |
| ৪ | অক্টোবর, ২০২৪ | ৬৪ |
| ৫ | নভেম্বর, ২০২৪ | ৬৬ |
| ৬ | ডিসেম্বর, ২০২৪ | ৬৭ |
| ৭ | জানুয়ারি, ২০২৫ | ৪৮ |
| ৮ | ফেব্রুয়ারি, ২০২৫ | ৪১ |
| ৯ | মার্চ, ২০২৫ | ৫২ |
| ১০ | এপ্রিল, ২০২৫ | ২৪ |
| ১১ | মে, ২০২৫ | ২৯ |
| ১২ | জুন, ২০২৫ | ৪১ |
| | সর্বমোট | ৬১৮ |

উৎস: সেইফটি শাখা

**শোভন কর্মপরিবেশ নিশ্চিত করি**
**টেকসই ও উন্নত বাংলাদেশ গড়ি**

## উদ্বুদ্ধকরণ সভা

বাংলাদেশ শ্রম আইন এবং বাংলাদেশ শ্রম বিধিমালা বাস্তবায়নের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরে অধিদপ্তরের মাঠ পর্যায়ের ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক পেশাগত স্বাস্থ্য, সেইফটি ও শ্রম সংক্রান্ত বিভিন্ন বিষয়ে কারখানা, দোকান ও প্রতিষ্ঠানসমূহে কর্মরত শ্রমিক ও মালিকপক্ষের জন্য মোট ১২৮৯টি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হয়েছে।

টেবিল : উদ্বুদ্ধকরণ সভার তথ্য (২০২৪-২০২৫ অর্থবছর)

| ক্রমিক নং | মাস | উদ্বুদ্ধকরণ সভার সংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | জুলাই, ২০২৪ | ৮৮ |
| ২ | আগস্ট, ২০২৪ | ১২৫ |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৪ | ১৫৯ |
| ৪ | অক্টোবর ২০২৪ | ১১৪ |
| ৫ | নভেম্বর, ২০২৪ | ১২৩ |
| ৬ | ডিসেম্বর, ২০২৪ | ১৩৫ |
| ৭ | জানুয়ারি, ২০২৫ | ৯২ |
| ৮ | ফেব্রুয়ারি, ২০২৫ | ৮৩ |
| ৯ | মার্চ, ২০২৫ | ১০৭ |
| ১০ | এপ্রিল ২০২৫ | ৯৮ |
| ১১ | মে, ২০২৫ | ১০৪ |
| ১২ | জুন, ২০২৫ | ৬১ |
| | মোট | ১২৮৯ |

উৎস: মনিটরিং ও মূল্যায়ন শাখা

**পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষায় ব্যয়**
**সর্বোত্তম বিনিয়োগ**

## গণশুনানি আয়োজন

সুষ্ঠু কর্মপরিবেশ সৃজনের লক্ষ্যে শ্রমিক ও মালিক পক্ষের উপস্থিতিতে মাঠ পর্যায়ের উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে নিয়মিত গণশুনানির আয়োজন করা হয়। শ্রমিকের মজুরি, মাতৃত্বকালীন সুবিধা, কর্মঘণ্টা, ছুটি, কারখানার লে-আউটপ্ল্যান, বিভিন্ন রেজিস্টার সংরক্ষণ, ঠিকাদার সংস্থার লাইসেন্স প্রদান ও নবায়ন, নিয়োগপত্র, পরিচয়পত্র, ওভারটাইম এবং শ্রম আইনের বিভিন্ন ধারা লঙ্ঘন সংক্রান্ত বিষয়ে সৃষ্ট সমস্যা সমাধানের জন্য এসব গণশুনানি আয়োজন করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে ৯৭১ দিন গণশুনানি আয়োজনের মাধ্যমে ১৯০১ জন সেবাপ্রত্যাশীর ১৮২৩টি আবেদন বা অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

টেবিল : গণশুনানি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য (২০২৪-২০২৫ অর্থবছর)

| ক্রমিক নং- | মাসের নাম | গণশুনানি আয়োজন | | |
|---|---|---|---|---|
| | | দিনের সংখ্যা | সেবা প্রত্যাশীর সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা |
| | | ১ | ২ | ৩ |
| ১ | জুলাই, ২০২৪ | ১১১ | ৩৫৮ | ৩৫৪ |
| ২ | আগস্ট, ২০২৪ | ৮৮ | ১৮৯ | ১৯৬ |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৪ | ৮২ | ১২৪ | ১০৪ |
| ৪ | অক্টোবর ২০২৪ | ৮৭ | ১০৭ | ১০৫ |
| ৫ | নভেম্বর, ২০২৪ | ৮৩ | ১০৪ | ৯৫ |
| ৬ | ডিসেম্বর, ২০২৪ | ৭৬ | ৯০ | ৮৩ |
| ৭ | জানুয়ারি, ২০২৫ | ৭৬ | ১৪৩ | ১০৮ |
| ৮ | ফেব্রুয়ারি, ২০২৫ | ৮০ | ১৯৬ | ১৯২ |
| ৯ | মার্চ, ২০২৫ | ৭৩ | ১১৫ | ১০১ |
| ১০ | এপ্রিল ২০২৫ | ৭৭ | ২৭৬ | ২৭৫ |
| ১১ | মে, ২০২৫ | ৮০ | ১২১ | ১১৭ |
| ১২ | জুন, ২০২৫ | ৫৮ | ৭৮ | ৯৩ |
| | মোট | ৯৭১ | ১৯০১ | ১৮২৩ |

উৎস: মনিটরিং ও মূল্যায়ন শাখা

## লাইসেন্স প্রদান ও লাইসেন্স নবায়ন

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের একটি নিয়মিত ও অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে কারখানা, দোকান ও প্রতিষ্ঠানসহ ঠিকাদারি সংস্থার লাইসেন্স প্রদান এবং লাইসেন্স নবায়ন প্রদান করা। ২০২৪-২০২৫ অর্থবছরে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর মোট ৮৬৯৭টি কারখানা, দোকান ও প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করেছে এবং ৩০৭৮৪টি লাইসেন্স নবায়ন প্রদান করেছে।

টেবিল : লাইসেন্স প্রদান ও লাইসেন্স নবায়নের তথ্য (২০২৪-২০২৫অর্থবছর)

| ক্রমিক নং | মাসের নাম | নতুন লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি | | | | | | লাইসেন্স নবায়ন সংক্রান্ত তথ্যাদি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নতুন লাইসেন্স আবেদনের সংখ্যা | পূর্ববর্তী মাসের জের | মোট আবেদন (৩+৪) | লাইসেন্স অনুমোদনের সংখ্যা | নিষ্পন্নের শতকরা হার (%) | অনিষ্পন্নের সংখ্যা (৫-৬) | লাইসেন্স নবায়ন আবেদনের সংখ্যা | পূর্ববর্তী মাসের জের | মোট আবেদন (৯+১০) | লাইসেন্স নবায়ন অনুমোদনের সংখ্যা | নিষ্পন্নের শতকরা হার (%) | অনিষ্পন্নের সংখ্যা (১১-১২) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১ | জুলাই, ২০২৪ | ৪৬০ | ৩৯৬ | ৮৫৬ | ৪৬০ | ৫৪ | ৩৯৬ | ৩৭০১ | ১৮০০ | ৫৫০১ | ৩৭০৪ | ৬৭ | ১৭৯৭ |
| ২ | আগস্ট, ২০২৪ | ৩৪২ | ৩৯৬ | ৭৩৮ | ৩৬৬ | ৫০ | ৩৭২ | ২৬৬৮ | ১৭৯৭ | ৪৪৬৫ | ২৮৯৯ | ৬৫ | ১৫৬৬ |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৪ | ৪৫৩ | ৩৭২ | ৮২৫ | ৪০৭ | ৪৯ | ৪১৮ | ৩০৮৪ | ১৫৬৬ | ৪৬৫০ | ২৭১৮ | ৫৮ | ১৯৩২ |
| ৪ | অক্টোবর ২০২৪ | ৪৯২ | ৪১৮ | ৯১০ | ৪৬৩ | ৫১ | ৪৪৭ | ২৬৮৬ | ১৯৩২ | ৪৬১৮ | ২৬৮২ | ৫৮ | ১৯৩৬ |
| ৫ | নভেম্বর, ২০২৪ | ৫৮৩ | ৪৪৭ | ১০৩০ | ৫৬০ | ৫৪ | ৪৭০ | ২২৩৭ | ১৯৩৬ | ৪১৭৩ | ২২১৯ | ৫৩ | ১৯৫৪ |
| ৬ | ডিসেম্বর, ২০২৪ | ৬৪৬ | ৪৭০ | ১১১৬ | ৫১৬ | ৪৬ | ৬০০ | ২২৮৮ | ১৯৫৪ | ৪২৪২ | ২০৩৪ | ৪৮ | ২২০৮ |
| ৭ | জানুয়ারি, ২০২৫ | ৭৬৫ | ৬০০ | ১৩৬৫ | ৭১১ | ৫২ | ৬৫৪ | ২৯১৯ | ২২০৮ | ৫১২৭ | ২৮৫৪ | ৫৬ | ২২৭৩ |
| ৮ | ফেব্রুয়ারি, ২০২৫ | ১৩৪৫ | ৬৫৪ | ১৯৯৯ | ১৩৫২ | ৬৮ | ৬৪৭ | ২৩৭৬ | ২৩৩০ | ৪৭০৬ | ২২৪৫ | ৪৮ | ২৪৬১ |
| ৯ | মার্চ, ২০২৫ | ৫৬০ | ৬৫০ | ১২১০ | ৫৪২ | ৪৫ | ৬৬৮ | ১৯৮১ | ২৪৬১ | ৪৪৪২ | ২২১৩ | ৫০ | ২২২৯ |
| ৩৩ | এসিআর ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ০৮ | ৩০ |
| ৩৪ | অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ০৮ | ৩০ |
| ৩৫ | সেবা/অফিসব্যবস্থাপনা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন শীর্ষক কর্মশালা | ০৮ | ৩০ |
| ৩৬ | অডিট আপত্তি বিষয়ক প্রশিক্ষণ | ০৮ | ৩০ |
| ৩৭ | "প্রশিক্ষণের মাধ্যমে দেশে ও বিদেশে পেশাগত জ্ঞান অর্জন ও অভিজ্ঞতা বিনিময়" -এর অংশ হিসেবে দিনব্যাপী কর্মশালা | ০৮ | ৩০ |
| | মোট | ২৯৬ ঘণ্টা | ১২১৭ জনদিবস |

উৎস: মানবসম্পদ উন্নয়ন শাখা

# বরাদ্দকৃত বাজেট ও ব্যয়

অধিদপ্তরের বাজেট প্রণয়ন, বাজেট বন্টন, কর্মচারীদের বেতন-ভাতাদি, অফিস ভাড়া, অফিস পরিচালনা ব্যয়, ক্রয় পরিকল্পনা, অডিট ও অডিট আপত্তি নিষ্পত্তি, কর বহির্ভূত রাজস্ব আয়ের হিসাব সংরক্ষণ ও ক্রয় ইত্যাদি বিষয় সম্পাদন করা অর্থ ও হিসাব শাখার মূল কাজ। এছাড়াও অধিদপ্তরের আর্থিক বিষয়ের সাথে সংশ্লিষ্ট সকল কাজ এ শাখার মাধ্যমে সম্পাদিত হয়।

## ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের বিবরণী:

(অংকসমূহ হাজার টাকায়)

| অর্থনৈতিক কোড | খাতের নাম | ২০২৪-২৫ অর্থবছরে মোট বরাদ্দ | ২০২৪-২৫ অর্থবছরে সংশোধিত বরাদ্দ | ২০২৪-২৫ অর্থবছরে মোট খরচ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩১ | কর্মচারীদের প্রতিদান | | | | |
| ৩১১১১০১ | মূলবেতন (অফিসার) | ১৭৮৭০০ | ১৬৩৫০০ | ১৩৫৩২৫ | |
| ৩১১১২০১ | মূলবেতন (কর্মচারী) | ৫০৫০০ | ৪৬৭০০ | ৪০২০১ | |
| ৩১১১ | নগদ মজুরী ও বেতন | ১৯৮০০০ | ১৭৮১২৫ | ১৪৭৪৫০ | |
| | **উপমোট** | **৪২,৭২,০০** | **৩৮,৮৩,২৫** | **৩২,২৯,৭৬** | |
| ৩২ | পণ্য ও সেবার ব্যবহার | | | | |
| ৩২১১ | **প্রশাসনিক ব্যয়** | ৮২৪৫০ | ৭৮৫৩৫ | ৬০৫০৮ | |
| ৩২৫ | **পণ্য ও সেবা** | ১০৬৮৫০ | ৯৭১৮০ | ৯৭০২৭ | |
| | **উপমোট** | **১৮,৯৩,০০** | **১৭,৫৭,১৫** | **১৫,৭৫,৩৫** | |
| ৩৮ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণীবদ্ধ নয় | | | | |
| ৩৮২১ | **উপমোট** | ২৫,০০ | ২৫,০০ | ১৮,৪৬ | |
| ৪১ | অআর্থিক সম্পদ | | | | |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ৩৪৩০০ | ১৭৫৫০ | ১৬৯২৮ | |
| | উপমোট | ৩,৪৩,০০ | ১,৭৫,৫০ | ১,৬৯,২৮ | |
| | মোট | **৬৫,৩৩,০০** | **৫৮,৪০,৯০** | **৪৯,৯২,৮৫** | **বাজেট বরাদ্দের বিপরীতে প্রকৃত ব্যয়ের হার ৮৫%** |

উৎস: অর্থ ও হিসাব শাখা

# কর বহির্ভূত রাজস্ব আয়

**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নন-ট্যাক্স রেভিনিউ খাতে জুলাই, ২০২৪ হতে জুন, ২০২৫ মাসের লাইসেন্স বাবদ কর বহির্ভূত রাজস্ব আয়ের বিবরণী:**

কারখানা ও প্রতিষ্ঠানে শোভন, স্বাস্থ্যসম্মত ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার মাধ্যমে ব্যবসা এবং বিনিয়োগের সুষ্ঠু পরিবেশ রাখার জন্য কার্যক্রম পরিচালনা করছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। এ লক্ষ্যে কারখানা, দোকান ও প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়। পরিদর্শনের মাধ্যমে শ্রম আইন বাস্তবায়নের পাশাপাশি কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান এবং লাইসেন্স নবায়ন করে কর বহির্ভূত রাজস্ব আদায় করে দেশের অর্থনীতিতে সর্বদা অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে ডাইফ। ২০২৪-২৫ অর্থবছরে লাইসেন্স প্রদান এবং লাইসেন্স নবায়ন বাবদ মোট ৬,৭২,৪৮,৩৪৭/- (ছয় কোটি বাহাত্তর লক্ষ আটচল্লিশ হাজার তিন শত সাতচল্লিশ) টাকা আয় করেছে।

### টেবিল: কর বহির্ভূত রাজস্ব আয়

| ক্রমিক নং | মাসের নাম | কর বহির্ভূত রাজস্ব আয় |
|---|---|---|
| ১ | জুলাই, ২০২৪ | ৭৮,১৩,৮৯৩ |
| ২ | আগস্ট, ২০২৪ | ৫১,৬৫,৬৯৬ |
| ৩ | সেপ্টেম্বর, ২০২৪ | ৪৬,২৪,৩২০ |
| ৪ | অক্টোবর, ২০২৪ | ৩৯,৫৬,২৫২ |
| ৫ | নভেম্বর, ২০২৪ | ৩৮,১৪,৩৪৫ |
| ৬ | ডিসেম্বর, ২০২৪ | ৩২,০৬,৪১০ |
| ৭ | জানুয়ারি, ২০২৫ | ৫৪,১৩,২৬৫ |
| ৮ | ফেব্রুয়ারি, ২০২৫ | ৫০,৪৭,০৬৬ |
| ৯ | মার্চ, ২০২৫ | ৩৮,৬৬,৫১৬ |
| ১০ | এপ্রিল, ২০২৫ | ২৯,১৪,৪৪৭ |
| ১১ | মে, ২০২৫ | ৫০,৮৫,০৩৬ |
| ১২ | জুন, ২০২৫ | ১,৬৩,৪১,১০১ |
| **মোট** | | **৬,৭২,৪৮,৩৪৭** |

উৎস: অর্থ ও হিসাব শাখা

# NOSHTRI'র উল্লেখযোগ্য কার্যক্রম

## ১। NOSHTRI'র পরিচিত

### ১.১ ভূমিকা

বিগত দুই দশকে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতির ধারা পর্যালোচনা করলে দেখা যায় যে, বাংলাদেশ ধীরে ধীরে কৃষিভিত্তিক অর্থনীতির দেশ হতে শিল্পভিত্তিক অর্থনীতির দেশে রূপান্তরিত হতে চলেছে যেখানে তৈরি পোশাক শিল্প একটি উল্লেখযোগ্য স্থানদখল করে আছে। এই রূপান্তরের ফলে একদিকে যেমন বিভিন্ন শিল্প সেক্টরে উল্লেখযোগ্য কর্মসংস্থান সৃষ্টি হয়েছে, পাশাপাশি শিল্পক্ষেত্রে নানা রকম ঝুঁকি, দুর্ঘটনার হারও বৃদ্ধি পেয়েছে। ফলে কর্মক্ষেত্রে শ্রমিকের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নতুন গুরুত্ব ও চ্যালেঞ্জ নিয়ে আত্মপ্রকাশ করেছে। এ উপলব্ধি থেকে সরকার ২০১৩ সালে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালা, ২০১৩ প্রণয়ন করে। উক্ত নীতিমালায় দেশের সামগ্রিক কর্মপরিবেশ উন্নয়নের তথা বিভিন্ন শিল্প সেক্টরে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে যুগপোযোগী প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনার জন্য একটি বিশেষায়িত ইনস্টিটিউট প্রতিষ্ঠা বিষয়ক নির্দেশনা ছিল।

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বাংলাদেশ শ্রম আইন ও জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি নীতিমালার আলোকে পেশাগত স্বাস্থ্য ও সেইফটি সম্পর্কিত কার্যক্রম পরিচালনা করে। ২০১৮ সালে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI) স্থাপনের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়। ২০১৮ সালে কার্যক্রম শুরু হয়ে ২০২৩ সালে প্রতিষ্ঠানটির অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন হয়। গত ১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখ শুভ উদ্বোধনের মাধ্যমে NOSHTRI'র আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। দেশের সামগ্রিক পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তার উন্নতি বিধানকল্পে দেশীয় ও আন্তর্জাতিক চাহিদা মোতাবেক বিভিন্ন প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা করা এবং মালিক, শ্রমিক ও সকল পক্ষের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে সচেতন করাই উক্ত ইনস্টিটিউট প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য।

### ১.২ অবকাঠামো

প্রতিষ্ঠানটিতে ৪ তলা বিশিষ্ট একটি দৃষ্টিনন্দন একাডেমিক ভবন, ৬ তলা বিশিষ্ট ১টি পুরুষ ও ৬ তলা বিশিষ্ট ১টি মহিলা হোস্টেল রয়েছে। এছাড়া টিচার্স কোয়ার্টার, ব্যাচেলর কোয়ার্টার, প্রতিষ্ঠান প্রধানের আবাসিক বাংলো, ইন্সপেকশন বাংলো, ফ্যাকাল্টি কোয়ার্টার ও স্টাফ কোয়ার্টার রয়েছে। একাডেমিক ভবনে অত্যাধুনিক ক্লাস রুম ও বিভিন্ন প্রকার গবেষণাগার স্থাপন করা হয়েছে এবং এ সংক্রান্ত বিষয়ে GIZ লজিস্টিক সাপোর্ট প্রদান করেছে। গবেষণাগারগুলোর মধ্যে পিপিই ডেমোনস্ট্রেশন ল্যাব, ভার্চুয়াল রিয়েলিটি (ভিআর) ল্যাব ও কন্সট্রাকশন সেইফটি ডেমোনস্ট্রেশন ল্যাবের স্থাপন কাজ প্রয়োজনীয় উপকরণসহ ইতোমধ্যে সম্পাদন করা হয়েছে। এছাড়া কেমিক্যাল এনালাইটিক্যাল ল্যাব, স্পেকট্রোস্কপিক এনালাইটিক্যাল ল্যাব, এয়ার কোয়ালিটি এসেসমেন্ট ল্যাব, অডিওমেট্রিক টেস্টিং ল্যাব, ইলেকট্রিক্যাল সেইফটি ল্যাব, পিপিই টেস্টিং ল্যাব, ফায়ার সেইফটি ইভাল্যুয়েশন এবং ডেমোনস্ট্রেশন ল্যাব, মেশিনারি সেইফটি ডেমোনস্ট্রেশন এবং এসেসমেন্ট ল্যাব, হেলথ এসেসমেন্ট ল্যাব স্থাপন করার কাজ চলমান আছে। ইনস্টিটিউটে একটি লাইব্রেরি, কনফারেন্স রুম, সেমিনার রুম এবং ২০০ (দুইশত) আসন বিশিষ্ট অত্যাধুনিক অডিটোরিয়াম রয়েছে।

### ১.৩ জনবল

বর্তমানে ইনস্টিটিউটটিতে রাজস্বখাতে অনুমোদিত ১৩ জন জনবলের বিপরীতে ০১ জন যুগ্মমহাপরিদর্শক প্রতিষ্ঠান প্রধান হিসাবে দায়িত্ব পালন করছেন। পাশাপাশি ০৪ জন উপমহাপরিদর্শক, ০১ জন সহকারী মহাপরিদর্শক ও ০৭ জন শ্রম পরিদর্শক কর্মরত রয়েছেন। ক্যাম্পাসের সার্বিক নিরাপত্তা বিধানে ১০ জন সশস্ত্র আনসার নিয়োজিত আছেন। এছাড়া আউটসোর্সিং পদ্ধতিতে কেয়ারটেকার, ইলেকট্রিশিয়ান, প্লামবার, জেনারেটর অপারেটর, পাম্প অপারেটর, বাবুর্চি, গার্ডেনার, ক্লিনার, সহকারী বাবুর্চি, লিফটম্যান, ল্যাব এটেনডেন্ট, হোস্টেল এটেনডেন্ট পদসমূহে মোট ৪৩ জন সেবাকর্মী নিয়োজিত আছে। রাজস্বখাতে আরও প্রয়োজনী জনবল বৃদ্ধির কার্যক্রম চলমান আছে।

### ১.৪ ইনস্টিটিউটের কার্যাবলী

প্রতিষ্ঠানটিতে মূলত তিন ধরনের কাজ করা হয়ে থাকে; পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ প্রদান। ইনস্টিটিউটে প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য বিভিন্ন মেয়াদী ৪২টি কোর্স কারিকুলাম প্রস্তুত করা হয়েছে। সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণের (মালিক, শ্রমিক, সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তা, সেক্টরভিত্তিক অ্যাসোসিয়েশন) সাথে আলোচনা এবং ট্রেনিং নিড অ্যাসেসমেন্ট (TNA) সম্পাদনপূর্বক কোর্স কারিকুলামসমূহ প্রস্তুত করা হয়েছে। এর বাইরে ডেনমার্ক সরকারের সাথে চলমান প্রকল্পের সহযোগিতায় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক (OSH) ০৮টি বিশেষ কারিকুলাম এবং GIZ এর সহযোগিতায় ০৩টি প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে। এছাড়া ইনস্টিটিউটে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে গবেষণা পরিচালনা করা হচ্ছে। কর্মক্ষেত্রে বিভিন্ন ধরনের পেশাগত ব্যাধি, অগ্নি নিরাপত্তা, রাসায়নিক নিরাপত্তা, বৈদ্যুতিক নিরাপত্তা, মেশিন নিরাপত্তা, উত্তোলক যন্ত্রসমূহের নিরাপত্তা, PPE বিষয়ক গবেষণা পরিচালনা করা হবে। পাশাপাশি ইনস্টিটিউট হতে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে (কর্মক্ষেত্র এ্যাসেসমেন্ট, এয়ার এবং ওয়াটার কোয়ালিটি এ্যাসেসমেন্ট, প্রেসার ভেসেল নিরাপত্তা, উত্তোলক যন্ত্র নিরাপত্তা ইত্যাদি) পরামর্শ প্রদান করা হবে।

## ২০২৪-২০২৫ অর্থবছরে উল্লেখযোগ্য কার্যক্রম

## ২। প্রশাসনিক কার্যক্রম

| ক্রমিক | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ০১ | আনসার অঙ্গীভূতকরণ | NOSHTRI'র নিরাপত্তা নিশ্চিতকরণে গত ২৯ জানুয়ারি ২০২৫ তারিখ ১০ (জন) আনসার অঙ্গীভূত করা হয়েছে। আনসার অঙ্গীভূতকরণ পরবর্তী সময়ে NOSHTRI'র সার্বিক নিরাপত্তা জোরদার হয়েছে। |
| ০২ | আউটসোর্সিং এর মাধ্যমে সেবা ক্রয় | গত ২২ মে ২০২৫ তারিখ NOSHTRI'র কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আউটসোর্সিং এর মাধ্যমে কেয়ারটেকার, ইলেকট্রিশিয়ান, প্লামবার, জেনারেটর অপারেটর, পাম্প অপারেটর, বাবুর্চি, গার্ডেনার, ক্লিনার, সহকারী বাবুর্চি, লিফটম্যান, ল্যাব এটেনডেন্ট, হোস্টেল এটেনডেন্ট পদসমূহে মোট ৪৩ জন সেবাকর্মী নিয়োজিত হয়েছে। |
| ০৩ | বৃক্ষ রোপন | NOSHTRI'র অভ্যন্তরে বিভিন্ন প্রজাতির আনুমানিক ১০০০(এক হাজার)টি বৃক্ষ রোপণ করা হয়েছে। |
| ০৪ | অংশীজন সভা | ক) গত ০৭ মে ২০২৫ খ্রি. তারিখ বিশ্বব্যাংক, ঢাকা এর প্রতিনিধিগণ এবং NOSHTRI-এর কর্মকর্তাদের মধ্যে পারস্পরিক প্রশিক্ষণ সহযোগিতা ও NOSHTRI'র কার্যক্রম সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়।<br>খ) পারস্পরিক প্রশিক্ষণ সহযোগিতার সম্ভাব্যতা এবং সংশ্লিষ্ট কার্যক্রম পর্যবেক্ষণের নিমিত্ত গত ২৫ মে ২০২৫ তারিখ নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল) এর প্রতিনিধিগণ এবং NOSHTRI-এর কর্মকর্তাদের মধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। |



এনপিসিবিএল এর প্রতিনিধিগণের সাথে সভা



বিশ্বব্যাংক, ঢাকা এর প্রতিনিধিগণের সাথে সভা

## ৩। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম
### ৩.১ ইন-ক্যাম্পাস প্রশিক্ষণ

| ক্রমিক | প্রশিক্ষণ শিরোনাম | মেয়াদ | তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | "ট্যানারি শিল্প পরিদর্শনের চেকলিস্ট বিষয়ক গাইডলাইন পর্যালোচনা" সংক্রান্ত কর্মশালা | ০৩ দিন | ১৭-১৯ সেপ্টেম্বর ২০২৪ | ২৫ জন |
| ০২ | "মেশিনারি সেফটি" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ২২-২৬ সেপ্টেম্বর ২০২৪ | ০৮ জন |
| ০৩ | মেশিনারি সেফটি" বিষয়ক ডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ২৫-২৬ সেপ্টেম্বর ২০২৪ | ২০ জন |
| ০৪ | "রাসায়নিক নিরাপত্তা" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ২২-২৬ সেপ্টেম্বর ২০২৪ | ০৬ জন |
| ০৫ | "রাসায়নিক নিরাপত্তা" বিষয়ক ডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ২৫-২৬ সেপ্টেম্বর ২০২৪ | ২০ জন |
| ০৬ | Training on First Aid | ০১ দিন | ২৪ অক্টোবর ২০২৪ | ২৫ জন |
| ০৭ | "আরগোনোমিক্স" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ২৭-৩১ অক্টোবর ২০২৪ | ০৯ জন |
| ০৮ | "আরগোনোমিক্স" বিষয়কডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ২৯-৩০ অক্টোবর ২০২৪ | ২০ জন |
| ০৯ | "শ্রমবান্ধব ডায়ালগ" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ২৭-৩১ অক্টোবর ২০২৪ | ০৮ জন |
| ১০ | "শ্রমবান্ধব ডায়ালগ" বিষয়কডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ৩০-৩১ অক্টোবর ২০২৪ | ২০ জন |
| ১১ | "বয়লার এবং প্রেসার ভেসেল" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ০৩-০৭ নভেম্বর ২০২৪ | ০৮ জন |
| ১২ | "Guidelines on Inspection Checklist" শীর্ষক প্রশিক্ষণ | ০৩ দিন | ২৬-২৮ জানুয়ারি ২০২৫ | ৩০ জন |
| ১৩ | "TOT on Formation and Responsibilities of Safety Committee" শীর্ষক প্রশিক্ষণ | ০৩ দিন | ০৪-০৬ ফেব্রুয়ারি ২০২৫ | ৩০ জন |
| ১৪ | "আরগোনোমিক্স" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ০৯-১৩ ফেব্রুয়ারি ২০২৫ | ০৯ জন |
| ১৫ | "বয়লার এবং প্রেসার ভেসেল" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ০৯-১৩ ফেব্রুয়ারি ২০২৫ | ০৮ জন |
| ১৬ | "আরগোনোমিক্স" বিষয়কডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ১১-১২ ফেব্রুয়ারি ২০২৫ | ২০ জন |
| ১৭ | "বয়লার এবং প্রেসার ভেসেল" বিষয়কডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ১১-১২ ফেব্রুয়ারি ২০২৫ | ২০ জন |
| ১৮ | "ক্রেন ও অন্যান্য উত্তোলক যন্ত্র" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ১৬-২০ ফেব্রুয়ারি ২০২৫ | ০৮ জন |
| ১৯ | "ক্রেন ও অন্যান্য উত্তোলক যন্ত্র" বিষয়ক ডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ১৮-১৯ ফেব্রুয়ারি ২০২৫ | ২০ জন |
| ২০ | "দুর্ঘটনা প্রতিরোধ" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ১৬-২০ ফেব্রুয়ারি ২০২৫ | ০৮ জন |
| ২১ | "দুর্ঘটনা প্রতিরোধ" বিষয়ক ডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ১৮-১৯ ফেব্রুয়ারি ২০২৫ | ২০ জন |
| ২২ | "Research Methodology" বিষয়ক প্রশিক্ষণ | ০২ দিন | ২২-২৩ ফেব্রুয়ারি ২০২৫ | ২৫ জন |
| ২৩ | "মেশিনারি সেফটি" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ০৬-১০ এপ্রিল ২০২৫ | ০৮ জন |
| ২৪ | "শ্রমবান্ধব ডায়ালগ" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ০৬-১০ এপ্রিল ২০২৫ | ০৭ জন |
| ২৫ | "শ্রমবান্ধব ডায়ালগ" বিষয়ক ডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০২ দিন | ০৮-০৯ এপ্রিল ২০২৫ | ২০ জন |
| ২৬ | "নির্মাণ খাতের নিরাপত্তা" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ০৪-০৮ মে ২০২৫ | ০৮ জন |
| ২৭ | "নির্মাণ খাতের নিরাপত্তা" বিষয়ক ডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০১ দিন | ০৮ মে ২০২৫ | ১৫ জন |
| ২৮ | "রাসায়নিক নিরাপত্তা" বিষয়ক প্রশিক্ষণ | ০৫ দিন | ০৪-০৮ মে ২০২৫ | ০৮ জন |
| ২৯ | "রাসায়নিক নিরাপত্তা" বিষয়ক ডাইফ টু ডাইফ প্রশিক্ষণ | ০১ দিন | ০৮ মে ২০২৫ | ১৫ জন |
| ৩০ | "Research Methodology" বিষয়ক প্রশিক্ষণ (২য় পর্যায়) | ০৩ দিন | ১৭-১৯ মে ২০২৫ | ২২ জন |
| | সর্বমোট | ১০০ দিন | | ৪৭০ জন |



"Guidelines on Inspection Checklist"
শীর্ষক প্রশিক্ষণের গ্রুপ ছবি (২৮.০১.২০২৫)



TOT on Formation and Responsibilities of Safety Committee" শীর্ষক প্রশিক্ষণের গ্রুপ ছবি (০৬.০২.২০২৫)



"বয়লার এবং প্রেসার ভেসেল"
বিষয়ক প্রশিক্ষণের গ্রুপ ছবি (১৩.০২.২০২৫)



"শ্রমবান্ধব ডায়ালগ" বিষয়ক প্রশিক্ষণ (০৮.০৪.২০২৫)



"রাসায়নিক নিরাপত্তা" বিষয়ক প্রশিক্ষণ (০৪.০৫.২০২৫)



"Research Methodology" বিষয়ক প্রশিক্ষণের
(২য় পর্যায়) গ্রুপ ছবি (১৯.০৫.২০২৫)

## ৩.২ অন-স্পট প্রশিক্ষণ

| ক্রমিক | প্রশিক্ষণ শিরোনাম | মেয়াদ | তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | ফকির নিটওয়্যার লিমিটেড, ফতুল্লা, নারায়ণগঞ্জে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ | ১ দিন | ০৬ ফেব্রুয়ারী ২০২৫ | ২০ জন |
| ০২ | মোলভী টি গার্ডেন, শ্রীমঙ্গল, মোলভীবাজারে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ | ১ দিন | ১৩ ফেব্রুয়ারী ২০২৫ | ২৯ জন |
| ০৩ | আজিম এন্ড সন প্রাঃ লিঃ, ৩৬এ, ইন্দিরা রোড, ঢাকা-তে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ | ১ দিন | ১৩ ফেব্রুয়ারী ২০২৫ | ৪০ জন |
| ০৪ | বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশীপ পাওয়ার কোঃ (প্রাঃ) লিমিটেড, রামপাল, বাগেরহাট, খুলনায় "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ | ১ দিন | ২৬ ফেব্রুয়ারী ২০২৫ | ২০ জন |
| ০৫ | এস কিউ সেলসিয়াস লিমিটেড, জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ | ১ দিন | ২৭ ফেব্রুয়ারী ২০২৫ | ৪০ জন |
| ০৬ | মারস এ্যাপারেলস লিমিটেড, বায়েজীদ, চট্টগ্রামে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ | ১ দিন | ১৭ এপ্রিল ২০২৫ | ২০ জন |
| ০৭ | রেকিট বেনকিজার (বাংলাদেশ) পিএলসি, নাসিরাবাদ, চট্টগ্রামে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ | ১ দিন | ১৭ এপ্রিল ২০২৫ | ২৩ জন |
| **সর্বমোট** | | ০৭ দিন | | ১৯২ জন |



ফকির নিটওয়্যার লিমিটেড, ফতুল্লা, নারায়ণগঞ্জে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ (০৬.০২.২০২৫)



আজিম এন্ড সন প্রা.লি., ৩৬এ, ইন্দিরা রোড, ঢাকা-তে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ (১৩.০২.২০২৫)




এস কিউ সেলসিয়াস লিমিটেড, জামিরদিয়া, হবিরবাড়ী ভালুকা, ময়মনসিংহে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ (২৭.০২.২০২৫)



রেকিট বেনকিজার (বাংলাদেশ) পিএলসি, নাসিরাবাদ বায়েজীদ চট্টগ্রামে "প্রাথমিক চিকিৎসা" বিষয়ক প্রশিক্ষণ (১৭.০৪.২০২৫)

## ৩.৩ অভ্যন্তরীণ প্রশিক্ষণ

| ক্রমিক | প্রশিক্ষণ শিরোনাম | মেয়াদ | তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | "তথ্য অধিকার আইন ও কর্মক্ষেত্রে শুদ্ধাচার" বিষয়ক প্রশিক্ষণ | ০১ দিন | ২৫ জুলাই ২০২৪ | ০৮ জন |
| ০২ | সাংগঠনিক কাঠামো ও Job Description সংক্রান্ত প্রশিক্ষণ | ০১ দিন | ১১ আগস্ট ২০২৪ | ০৮ জন |
| ০৩ | অফিস ব্যবস্থাপন্স সংক্রান্ত প্রশিক্ষণ | ০১ দিন | ১৫ সেপ্টেম্বর ২০২৪ | ০৮ জন |
| ০৪ | "Pension Case Settlement and Service Facilitation" বিষয়ক প্রশিক্ষণ | ০১ দিন | ২২ অক্টোবর ২০২৪ | ০৭ জন |
| ০৫ | NOSHTRI পরিচালনানীতিমালাপ্রণয়ন বিষয়ক কর্মশালা | ০১ দিন | ৩০ ডিসেম্বর ২০২৪ | ০৯ জন |
| ০৬ | "Appropriate PPE for Different Sector" বিষয়ক প্রশিক্ষণ | ০১ দিন | ২৭ মার্চ ২০২৫ | ০৮ জন |
| ০৭ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ২০২৫-২০২৬অর্থ বছরের Tarining Calender প্রস্তুত বিষয়ক কর্মশালা | ০১ দিন | ২৮ মে ২০২৫ | ১০ জন |
| ০৮ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ২০২৫-২০২৬অর্থ বছরের Procurement Plan Preparation বিষয়ক কর্মশালা | ০১ দিন | ০১ জুন ২০২৫ | ১০ জন |
| ০৯ | জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট এর খসড়া 'Job Description' প্রণয়ন বিষয়ে কর্মশালা | ০১ দিন | ০২ জুন ২০২৫ | ১০ জন |
| ১০ | সদ্য যোগদানকৃত সেবা কর্মীগণের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ | ০১ দিন | ০৪ জুন ২০২৫ | ৪৩ জন |
| ১১ | "অগ্নি নিরাপত্তা এবং অগ্নি নির্বাপন মহড়া" শীর্ষক প্রশিক্ষণ | ০১ দিন | ১৭ জুন ২০২৫ | ৬১ জন |
| **সর্বমোট** | | ১১ দিন | | ১৮২ জন |




সদ্য যোগদানকৃত সেবা কর্মীগণের ওরিয়েন্টেশন প্রশিক্ষণের স্থিরচিত্র (০৪.০৬.২০২৫)





"অগ্নি নিরাপত্তা এবং অগ্নি নির্বাপন মহড়া" শীর্ষক প্রশিক্ষণের স্থিরচিত্র (১৭.০৬.২০২৫)

## ৩.৪ বিশেষায়িত প্রশিক্ষণ

| ক্রমিক | প্রশিক্ষণ শিরোনাম | আয়োজক | মেয়াদ | তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | "TOT on Occupational Health and Safety" বিষয়ক প্রশিক্ষণ | NOSHTRI ও OSHE Foundation | ০৩ দিন | ১০-১২ সেপ্টেম্বর ২০২৪ | ২০ জন |
| ০২ | নির্মাণ খাতের জন্য পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (Occupational Health & Safety for the Construction Sector) বিষয়ক প্রশিক্ষণ | NOSHTRI ও বিশ্বব্যাংক | ০৩ দিন | ০৫-০৭ মে ২০২৫ | ৩২ জন |
| সর্বমোট | | | ০৬ দিন | | ৫২ জন |





নির্মাণ খাতের জন্য পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণের স্থিরচিত্র

## ৩.৫ কোর্স কারিকুলাম প্রণয়ন

| ক্রমিক | কোর্সের নাম | কোর্সের মেয়াদ |
|---|---|---|
| ০১ | Bngladesh Labour Act, 2006 & Labour Rules, 2015 | ০৫ দিন |
| ০২ | Standard Operating Procedure of DIFE | ০৩ দিন |
| ০৩ | Labour Inspection Management Application (LIMA) | ০২ দিন |
| ০৪ | International Labour Standard | ০২ দিন |
| ০৫ | Basic Occupational Safety & Health | ০৩ দিন |
| ০৬ | Accident & Occupational Disease Investigation | ০১ দিন |
| ০৭ | Case management with Mock | ০২ দিন |
| ০৮ | Research Methodology & Statistical Analysis | ০৩ দিন |
| ০৯ | Inspection tools (Checklist) 26-01-2024 to 28-01-2025 | ০৩ দিন |
| ১০ | Office Management & Procurement Procedure | ০৩ দিন |
| ১১ | Labour Inspection Statistics and Reporting | ০১ দিন |
| ১২ | Data Analysis & Visualization: Introduction to tools (SPSS, Power BI, Tableau etc.) | ০২ দিন |
| ১৩ | Occupational Health & Safety for Construction Sector | ০৩ দিন |
| ১৪ | Case Studz based on Labour Act's Section 61 & 85 | ০১ দিন |
| ১৫ | Basic First Aid | ০১ দিন |

## ৪। গবেষণা ও কনসালটেন্সি সংক্রান্ত কার্যক্রম

### ৪.১ গবেষণা টিম ও প্রস্তাবিত গবেষণা

গত ২২-২৩ ফেব্রুয়ারি ২০২৫ এবং ১৭-১৯ মে ২০২৫ তারিখ NOSHTRI-তে "Research Methodology" বিষয়ক দুই ধাপে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের নিয়ে ০৫ (পাঁচ)টি গ্রুপ গঠন করা হয়। প্রত্যেক গ্রুপ হতে একটি করে গবেষণা প্রস্তাব আহবান করা হয় এবং সে প্রেক্ষিতে ০৫ (পাঁচ)টি গ্রুপ হতে ০৫ (পাঁচ)টি গবেষণা প্রস্তাব দেওয়া হয়েছে।

| গ্রুপের নাম | প্রস্তাবিত গবেষণা |
|---|---|
| গ্রুপ- এ | Formation and effectiveness of factory level safety committees in Bangladesh according to the Bangladesh Labour Act & rules. |
| গ্রুপ-বি | Complain types and effectiveness of grievance mechanism in RMG sector of Bangladesh: selected area Bhaluka |
| গ্রুপ-সি | Barriers and policy implications in ensuring minimum wages in the cotton textile industry: A studz from Narayanganj district of Bangladesh |
| গ্রুপ-ডি | Promoting Work-Life Balance: Comparative Studz on the Importance of the Day Care Center Facilities in Factories of Rajshahi & Khulna Division |
| গ্রুপ- ই | Availability and Usage of Personal Protective Equipment (PPE) in Plastic Recycle Industries in Dhaka City. |

### ৪.২ পরিদর্শনকৃত চেকলিস্ট ও ক্যাপ (CAP) বিশ্লেষণ

| ক্র. নং | বিষয় | মন্তব্য |
|---|---|---|
| ০১ | ধারা ৬১ (প্রতিষ্ঠানের কোন ভবন, অংশবিশেষ, চলাচলের পথ বা যন্ত্র জীবন ও নিরাপত্তার জন্যে কি ঝুঁকিপূর্ণ?) এর প্রতিপালনের বিষয়ে পরিদর্শকগণ কর্তৃক পূরণকৃত পরিদর্শন চেকলিস্ট ও ক্যাপ (CAP) বিশ্লেষণ | LIMA হতে প্রত্যেক উপমহাপরিদর্শকের কার্যালয় হতে ১টি করে মোট ৩১টি কারখানার চেকলিস্ট (ফেব্রুয়ারি/২০২৫ ও মার্চ/২০২৫ মাসে সম্পন্ন) ও সংশ্লিষ্ট ক্যাপ দৈবচয়নের মাধ্যমে নির্বাচনপূর্বক সংগ্রহ করা হয়। সংগৃহীত চেকলিস্ট ও ক্যাপ হতে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণপূর্বক ফলাফলসহ সুপারিশ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এপ্রিল/২০২৫ মাসের সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে। |
| ০২ | বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১৪৮ ও ১৪৯ মোতাবেক "কটন টেক্সটাইল" শিল্প ক্ষেত্রে সরকার নির্ধারিত নিম্নতম মজুরীর হার বাস্তবায়নের বিষয়ে পরিদর্শকগণ কর্তৃক পূরণকৃত পরিদর্শন চেকলিস্ট ও ক্যাপ (CAP) বিশ্লেষণ | LIMA হতে ২৮টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে ছয় মাসে (নভেম্বর/২০২৪ হতে এপ্রিল/২০২৫ পর্যন্ত) পরিদর্শনকৃত কটন টেক্সটাইল শিল্প ক্ষেত্রের কারখানাসমূহের চেকলিস্ট ও সংশ্লিষ্ট ক্যাপ এবং গাজীপুর, নারায়ণগঞ্জ ও নরসিংদী কার্যালয়ে এপ্রিল/২০২৫ মাসে পরিদর্শনকৃত কটন টেক্সটাইল শিল্প ক্ষেত্রের কারখানাসমূহের চেকলিস্ট ও সংশ্লিষ্ট ক্যাপ সংগ্রহ করা হয়। সংগৃহীত চেকলিস্ট ও ক্যাপ হতে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণ করে ফলাফল ও সুপারিশ প্রধান কার্যালয়ে মে/২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে। |
| ০৩ | ধারা ৯৯ (শ্রমিকদের জন্য বাধ্যতামূলক গ্রুপ বীমা চালুকরণ) প্রতিপালনের বিষয়ে পরিদর্শকগণ কর্তৃক পূরণকৃত পরিদর্শন চেকলিস্ট ও ক্যাপ (CAP) বিশ্লেষণ | LIMA হতে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম মোট চারটি জেলার কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়ের অধিক্ষেত্রাধীন নন-আরএমজি শিল্প ক্ষেত্রের ২০টি কারখানার চেকলিস্ট (জানুয়ারি/২০২৫ হতে মে/২০২৫ মাসে সম্পন্ন) ও সংশ্লিষ্ট ক্যাপ দৈবচয়নের মাধ্যমে নির্বাচনপূর্বক সংগ্রহ করা হয়। সংগৃহীত চেকলিস্ট ও ক্যাপ হতে প্রাপ্ত তথ্যাদি বিশ্লেষণপূর্বক ফলাফলসহ সুপারিশ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত জুলাই/২০২৫ মাসে সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে। |

## ৪.৩ দুর্ঘটনা সংক্রান্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ

বিভিন্ন সোর্স (দৈনিক পত্রিকা, ইলেক্ট্রনিক্স মিডিয়া ইত্যাদি) থেকে প্রাতিষ্ঠানিক/অপ্রাতিষ্ঠানিক খাতের দুর্ঘটনা সংক্রান্ত তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান আছে। পরবর্তীতে উক্ত সংগৃহীত তথ্য বিশ্লেষণপুর্বক দুর্ঘটনা প্রতিরোধে বিভিন্ন পরামর্শ প্রদান করা হবে।

## ৪.৪ প্রচার সংক্রান্ত

জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউটের কার্যক্রম প্রচারের লক্ষ্যে "NOSHTRI Newsletter#1" নামে উক্ত ইনস্টিটিউটের প্রথম নিউজলেটার প্রকাশিত হয়েছে।



NOSHTRI Newsletter #1
2025

National Occupational Safety and Health Training and Research Institute (NOSHTRI), Rajshahi

**Training on "Guidelines on Inspection Checklist"**

*Factory visit and Participants' Group Photo*

A three-day training on "Guidelines on Inspection Checklist" was successfully conducted at NOSHTRI from January 26 to January 28 under the close supervision of JIG of NOSHTRI, Md. Bulbul Ahmed. Thirty officials from various DIFE district offices attended the program.

The training aimed to enhance participants' understanding of each section of the inspection checklist and the evaluation system, enabling them to apply it effectively during inspections and reporting.

As part of the training, participants were divided into three groups, each assigned to visit a different factory. Using the inspection checklist, they conducted assessments and recorded their observations. After the visits, each group presented its findings to the trainers and fellow participants, who provided feedback on their performance.

**"Training on First Aid" at Fakir Knitwears Limited, Fatullah, Narayanganj**

*Practical Session during the First Aid Training*

In addition to on-campus training, NOSHTRI has introduced on-site training programs. As part of its ongoing initiatives, NOSHTRI has launched first aid training for first aid team members as well as other employees in various labor-intensive factories across the country. This initiative will enhance workers' first aid skills and improves their ability to respond effectively during emergencies.

On February 6, 2025, NOSHTRI, with support from DIFE, Narayanganj, conducted a half-day "First Aid" training session at Fakir Knitwears Limited, Kayempur, Fatullah, Narayanganj. The session was led by Dr. Md. Soaib Hossen, Assistant Inspector General (Health), NOSHTRI as the resource person, under the guidance of the Honorable JIG of NOSHTRI, Mr. Md. Bulbul Ahmed who was the course adviser of the training program. Participants engaged in both theoretical and practical training.

**TOT on Formation and Responsibilities of Safety Committee**

*Participants' Group Photo and Training Session*

According to Section 90(a) of the Bangladesh Labour Act 2006, factories with 50 or more workers must establish a safety committee as per the prescribed rules. To provide in-depth training on this law, a three-day program titled "TOT on Formation and Responsibilities of Safety Committee" was inaugurated on February 4, 2025, by the Honorable JIG of NOSHTRI, Mr. Md. Bulbul Ahmed. The training continued until February 6, 2025, and was attended by 30 (thirty) officers from various DIFE district offices. In the future, these participants will conduct training sessions for safety committee members in factories and establishments within their jurisdictions

**Inauguration Program: "DIFE-to-DIFE Training" on "Ergonomics" and "Pressure Vessel"**

*JIG NOSHTRI, Participants and Invited Guests*

The two-day "DIFE-to-DIFE Training" program on "Ergonomics" and "Pressure Vessel" (held on February 11–12, 2025) was inaugurated by Mr. Md. Bulbul Ahmed, JIG of NOSHTRI, on February 11. Mr. Ole R. Justesen, Sector Counsellor at the Embassy of Denmark in Dhaka, along with experts from the Danish Working Environment Authority (DWEA) and NOSHTRI officials, joined the event.

A total of 57 (fifty-seven) officials from DIFE participated, including 40 (forty) training participants and 17 (seventeen) OSH team members. The speakers emphasized the importance of reflecting training efficiency in inspectors' reports to employers.

1

NOSHTRI Newsletter#1, 2025

## ৪.৫ বিভিন্ন ল্যাবের স্থিরচিত্র



পিপিই ডেমোনস্ট্রেশন ল্যাব



ভিআর (ভার্চুয়াল রিয়েলিটি) ল্যাব



কন্সট্রাকশন সেইফটি ডেমোনস্ট্রেশন ল্যাব

## ৫। অর্থ ও পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম

২০২৪-২৫ অর্থবছরের বাজেটে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অধীন 'জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI), রাজশাহী এর অনুকূলে নিম্নে বর্ণিত কোড সমূহ সৃজন পূর্বক IBAS সিস্টেমে অন্তর্ভুক্তকরণে নির্দেশক্রমে অর্থবিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

| ক্রমিক | অর্থবিভাগ কর্তৃক অনুমোদিত নতুন কোড | খাতের বিবরণ |
|---|---|---|
| ০১ | ৩১১১৩১৩ | আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা |
| ০২ | ৩২৪৩১০১ | পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট |
| ০৩ | ৩২৫২১০১ | বিছানাপত্র |
| ০৪ | ৩২৫৬১০৭ | ক্রীড়াসামগ্রী |
| ০৫ | ৩২৫৭৩০১ | অনুষ্ঠান/উৎসবাদি |
| ০৬ | ৩২৫৮১০৩ | কম্পিউটার |
| ০৭ | ৩২৫৮১০৫ | অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি |
| ০৮ | ৩২৫৮১০৬ | আবাসিক ভবন |
| ০৯ | ৩২৫৮১০৭ | অনাবাসিক ভবন |
| ১০ | ৪১১২২০২ | কম্পিউটার ও আনুষঙ্গিক |

## আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর সহযোগিতায় সম্পাদিত কার্যক্রম

২০২৪-২০২৫ অর্থবছরে ILO-DIFE IA এর Advancing Decent Work in Bangladesh প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমের গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিম্নরূপ:

- ২৮ এপ্রিল, ২০২৫ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস উদযাপন উপলক্ষ্যে OSH Conference আয়োজন।
- জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI) এর উন্নয়নে দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে কার্যক্রম গ্রহণ (চলমান)।
- ০৬ জন ইঞ্জিনিয়ার (০২ জন স্ট্যাকচারাল ইঞ্জিনিয়ার, ০২ জন ফায়ার ইঞ্জিনিয়ার এবং ০২ জন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার) নিয়োগের কার্যক্রম চলমান।
- বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস উপলক্ষ্যে নির্মিত TVC এবং ডকুমেন্টারি বিভিন্ন টিভি চ্যানেলে প্রচার।
- রেমিডিয়েশন বিষয়ক কার্যক্রমের জন্য বিভিন্ন সময়ে সভা আয়োজন।
- Labour Inspection Policy in Bangladesh বিষয়ক ০২টি ওয়ার্কশপ এবং ০১টি সভা আয়োজন।
- দেশের বিভিন্ন স্থানে Strategic Compliance Planning Approach (SCPA) শীর্ষক ০৪টি ওয়ার্কশপ আয়োজন।
- Developing and Reviewing SOP and Inspection Checklist শীর্ষক ০১টি ওয়ার্কশপ আয়োজন।
- Labour Inspection Management Application (LIMA) এর আপগ্রেডেশনের কার্যক্রম চলমান।
- Training Need Assessment (TNA) বিষয়ক ওয়ার্কশপ আয়োজন।
- Validation Workshop on the Labour Inspection Assessment in Bangladesh
- Meeting between DIFE and the International Consultant for the Labour Inspection Assessment in Bangladesh
- Meeting between Labour Leaders/Representatives and the International Consultant for the Labour Inspection Assessment in Bangladesh
- Workshop on the Elimination of Child Labour
- Meeting with the National Child Labour Council
- Consolidated Workshop on Strategic Compliance Planning, Developing a Comprehensive Training Programme, and Reviewing the Labour Inspection Checklist

# ডেনমার্ক সরকারের সহযোগিতায় সম্পাদিত কার্যক্রম

## ২০২৪-২৫ অর্থবছরে ডেনমার্ক সরকারের সহযোগিতায় সম্পাদিত কার্যক্রম:

- বাংলাদেশ ও ডেনমার্কের মধ্যে সহযোগিতার তৃতীয় ধাপের কার্যক্রম পূর্বপরিকল্পনা অনুযায়ী শুরু হয়েছে। প্রকল্পের তৃতীয় ধাপকে সামনে রেখে মেশিনারি সেইফটি, দুর্ঘটনা প্রতিরোধ, রাসায়নিক নিরাপত্তা, নির্মাণখাতের নিরাপত্তা, আরগোনোমিক্স, বয়লার এবং প্রেসার ভেসেল, শ্রমবান্ধব ডায়লগ এবং ক্রেন ও অন্যান্য উত্তোলক যন্ত্র সম্পর্কিত ৮টি OSH টিম পুনর্গঠন করা হয়েছে।

- এই ৮টি OSH টিমের মধ্যে ৭টি টিম তাদের পরিদর্শন নির্দেশিকা তৈরি করেছে।

- প্রকল্পের Timebound Action Plan অনুযায়ী উক্ত ৮টি টিমের Master Training ডেনমার্কের সহযোগীতায় সম্পন্ন হয়েছে।

- ডেনমার্ক DIFE এর সাথে Machine Operator এবং Manager-দের জন্য NOSHTRI কোর্সের প্রশিক্ষণ প্রদানে অবদান রেখেছে।

- ডেনমার্কের সহায়তায় NOSHTRI-এর জন্য Strategy তৈরি করতে একটি Strategy Seminar পরিচালিত হয়েছিল। এটি 'ডেনিশ ন্যাশনাল রিসার্চ সেন্টার ফর দ্য ওয়ার্কিং এনভায়রনমেন্টের (NFA)'-এর পরিচালক স্টিফেন বোহিনি দ্বারা পরিচালিত হয়েছিল। সেমিনারটি DIFE-কে OSH সম্পর্কিত গবেষণা পরিচালনার প্রাথমিক পদক্ষেপগুলি সনাক্ত করতে সহায়তা করেছে। অন্যান্য স্টেকহোল্ডারদের মধ্যে ILO, NIPSOM, ICCDRB, BILS, SRS, OSHE Foundation এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ অ্যান্ড সায়েন্সেস, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ব্যাক বিশ্ববিদ্যালয় এবং সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

- উক্ত প্রকল্পের মাধ্যমে DIFE টু DIFE প্রশিক্ষণ কার্যক্রম সেপ্টেম্বর, ২০২৪ থেকে NOSHTRI রাজশাহীতে শুরু হয়েছে। প্রাথমিক পর্যায়ে মেশিনারি সেইফটি, দুর্ঘটনা প্রতিরোধ, রাসায়নিক নিরাপত্তা, নির্মাণখাতের নিরাপত্তা, আরগোনোমিক্স, শ্রমবান্ধব ডায়লগ এবং ক্রেন ও অন্যান্য উত্তোলক যন্ত্র সেইফটির এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং পরবর্তীতে আগামী ১২-১০-২৫ থেকে ১৬-১০-২৫ তারিখ পর্যন্ত বয়লার এবং প্রেসার ভেসেলের সেইফটি বিষয়ক Master Training NOSHTRI, রাজশাহীতে অনুষ্ঠিত হবে। এবং এটাই বাংলাদেশ ও ডেনমার্কের মধ্যেকার "Improving the Health and Safety for Workers in Bangladesh through the Strengthening of Labour authorities" প্রকল্পের সর্বশেষ ট্রেনিং সেশন।

- SSC প্রকল্পের আওতায় ০৮টি OSH টিমের মধ্যে থেকে ০৮ (আট) জন সদস্যকে নিয়ে Organisational Change Management এবং Project Management বিষয়ক গত ২জুন, ২০২৫ থেকে ৬ জুন, ২০২৫ তারিখ পর্যন্ত পাঁচ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি ডেনমার্কে অনুষ্ঠিত হয়েছে।

# ডাইফ হেল্পলাইন (১৬৩৫৭)

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অভিনব ও জনবান্ধব সেবার নাম 'ডাইফ হেল্পলাইন'। টোল ফ্রি নম্বর ১৬৩৫৭ এর মাধ্যমে সার্বক্ষণিক বিনামূল্যে শ্রম বিষয়ক অভিযোগ দাখিল এবং শ্রম সম্পর্কিত আইনগত পরামর্শের জন্য ডাইফ হেল্পলাইন কার্যক্রম পরিচালনা করে থাকে। ৩১ জানুয়ারি, ২০১৯ তারিখে হেল্পলাইন আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরের হেল্পলাইনের মাধ্যমে মোট ৪২৬২টি অভিযোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে প্রাসঙ্গিক বিবেচনায় ৩৭৯১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

## হেল্পলাইনে কি ধরনের অভিযোগ করা যায়:

১। বেতন/মজুরি পাওনাদি ২। প্রসূতি কল্যাণ সুবিধা ৩। অন্যায়ভাবে বরখাস্ত ৪। সার্ভিস বেনিফিট ৫। সেইফটি সংক্রান্ত ৬। কর্মক্ষেত্রে বিরোধ ৭। কর্মঘণ্টা ও ছুটি ৮। এছাড়াও শ্রম সংক্রান্ত অন্যান্য অভিযোগ।

## LIMA Apps- এর মাধ্যমে হেল্পলাইনের কার্যক্রম:

LIMA Apps- এর মাধ্যমে অভিযোগ গ্রহণ ফরমে তথ্য পূরণের মাধ্যমে অভিযোগ সংরক্ষণ করা হয়। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের কার্যালয় অভিযোগটি তদন্তপূর্বক নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করেন। এই অ্যাপের মাধ্যমে অভিযোগকারী একটি সনাক্তকরণ নম্বর প্রাপ্ত হন এবং অভিযোগের সর্বশেষ অবস্থা জানতে চাইলে সনাক্তকরণ নম্বরের মাধ্যমে অভিযোগের হালনাগাদ অবস্থা জানতে পারেন। সংশ্লিষ্ট জেলা কার্যালয়ের পরিদর্শকগণ অভিযোগসমূহ নিষ্পত্তি করেন এবং এ সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রমাণকসহ লিমা অ্যাপে ইনপুট প্রদান করেন।




হেল্পলাইনে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি বিষয়ক কাজে নিয়োজিত শ্রম পরিদর্শকগণ

# উল্লেখযোগ্য কার্যক্রমের আলোকচিত্র

আলোকচিত্রী:
রিয়াজ মাহমুদ মিঠু
মাল্টিমিডিয়া প্রজেক্টর টেকনিশিয়ান

শিশুশ্রমকে ‘না’ বলুন




গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড-২০২৫ প্রদান অনুষ্ঠান (২৪.০৬.২০২৫)




OSH Conference (28.04.2025)



OSH Research Conference (02.08.2025)



Workshop on Elimination of Child Labour (17.05.2025)




জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)
পরিচালনার নীতিমালা ও কৌশল নির্ধারণ বিষয়ক কর্মশালা (২৭.১১.২০২৪)




শ্রমিক হেল্পলাইন (১৬৩৫৭) এর আপগ্রেড ভার্সন উদ্বোধন অনুষ্ঠান (০২.০৭.২০২৫)



রাজশাহীতে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট উদ্বোধন (১৭.০৯.২০২৪)




কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয়,
মৌলভীবাজারের ৬তলা বিশিষ্ট অফিস ভবনের শুভ উদ্বোধন (১৭.০৫.২০২৫)




অংশীজনদের সাথে শিশুশ্রম নিরসন বিষয়ক মতবিনিময় সভা (২১.০৭.২০২৫)




শ্রম সংস্কার কমিশন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ)-এর মধ্যে মতবিনিময় সভা (২৪.১২.২০২৪)




কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ১৩তম ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান (১৫.৫.২০২৫)




'Good Working Conditions in Tanneries (GOTAN)' প্রকল্পের আওতায় অনুষ্ঠিত কর্মশালা (২৬.০৯.২০২৪)




বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস ২০২৫ উপলক্ষ্যে বর্ণাঢ্য র‍্যালি, উপমহাপরিদর্শকের কার্যালয়, গাজীপুর

কর্মপরিবেশের উন্নয়ন,
বৃদ্ধি করবে উৎপাদন

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
শ্রম ভবন, ১৯৬ শহিদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০